# সূচীপত্র


| | |
|---|---|
| সূচীপত্র | ৵০—।০ |
| আমাদের নিবেদন | ।৵০—॥০ |
| উৎসর্গপত্র | ॥৵০—॥৶০ |
| ভূমিকা | ॥৷৵০—৸০ |
| উপক্রমণিকা | ৸৵০— |

প্রথম অধ্যায়।

প্রভুর লীলা-বিচার, শ্রীনবদ্বীপ, মুরারি ও নিমাই, নিমাইয়ের তীক্ষ্ণবুদ্ধি, নিমাই পূর্ব্ববঙ্গে, প্রভুর প্রকাশ, ভক্তি ও ঔদাস্য, নদে টলমল, অদ্বৈতের সন্দেহ, নব-বৃন্দাবন, পূর্ব্বরাগের পদ, কান্তভাবে ভজন, গৌর-বিরহ, বিষ্ণুপ্রিয়ার মান, গৌরাঙ্গ-নারায়ণ, গৌরবাদীর দল, খাঁড়া পদ্মায় নিক্ষেপ।

১—৩২ পৃষ্ঠা।

দ্বিতীয় অধ্যায়।

প্রভুর লীলা-উদ্দেশ্য, শচী ও মুরারি গুপ্ত, প্রভু কেন সন্ন্যাস লইলেন, কিরূপে জীবকে দ্রবাইলেন, অদ্বৈতের নিদ্রাভঙ্গ, বৃন্দাবনে গেলে কার্য্য পণ্ড, প্রভু নীলাচলে, প্রভু একেবারে সহায়শূন্য। ৩৩—৪৭ পৃষ্ঠা।

তৃতীয় অধ্যায়।

দক্ষিণে গমন, রামগিরি উদ্ধার, ঢুণ্ডিরামের নবজীবন লাভ, প্রভুর পথকষ্ট, সত্যবাই ও লক্ষ্মীবাই, তীর্থরামের পুনর্জ্জন্ম, ভিখারী রমণী, রামানন্দ স্বামীর আত্মসমর্পণ, অসভ্য ভীলের উদ্ধার, প্রভুর ভ্রমণপদ্ধতি, অদ্ভুত সন্ন্যাসী, পানানৃসিংহ তীর্থ, ভক্ত শুষ্ক-তর্ক করেন না, সদানন্দের নিরা-

নন্দ, মার্ খেয়ে দয়া, পুষ্পবৃষ্টি, ভর্গদেব, ভট্টগণের বাড়ী, পরমানন্দপুরী, উচ্চশ্রেণীর যোগী, কন্যাকুমারী, রাজা রুদ্রপতি, ঈশ্বর-ভারতী, প্রভুর মুখে কৃষ্ণকথা, ভারতীকে কৃপা, বিশ্বরূপের আশ্চয্য মৃত্যু, ইলোরে প্রভুর কীর্ত্তি, তুকারাম, থানেশ্বরী জগন্নাথ, কেন প্রভুর লাগি প্রাণ কান্দে, মধুর কৃষ্ণনাম, পুনানগরে, দস্যুস্থানে, নারোজী, খণ্ডলায়, কর্ম্মফল, প্রভুর কৃপাপাত্র, প্রভু আলোকাবৃত, বলি-স্থাপিত 'বামন,' প্রভুর নিজ-দেশ স্মরণ, বারমুখী, বালাজীর উদ্ধার, পতিতোদ্ধার, শ্রীকৃষ্ণের চরণ-চিহ্ন, দ্বারকায় তরঙ্গ, বণিকের ভাগ্য, প্রভু ও রামরায়, মাড়ুয়া ব্রাহ্মণ, প্রভুর প্রত্যাগমন। ৪৭—১৩৯ পৃষ্ঠা।

## চতুর্থ অধ্যায়।

আশ্চর্য্য সংগ্রহ, বৈষ্ণবধর্ম্মের অধোগতি, ভুলু গোসাঞি, সাহ আকবর। ১৪০—১৪৮ পৃষ্ঠা।

## পঞ্চম অধ্যায়।

প্রভুর প্রচার-পদ্ধতি, রূপ-সনাতনকে শিক্ষা, বৃন্দাবনে আচার্য্য প্রেরণ, বৈষ্ণব গ্রন্থ। ১৪৮—১৫৬ পৃষ্ঠা।

## ষষ্ঠ অধ্যায়।

প্রভুর শেষলীলা, প্রভুর আকর্ষণ, প্রতাপরুদ্র উদ্ধার। ১৫৬—১৬০ পৃষ্ঠা।

## সপ্তম অধ্যায়।

মূল ঘটনার মূলোৎপাটন, নদীয়া-নাগরী, দয়াল নিতাই, নিতাইর প্রচার-পদ্ধতি। ১৬১—১৭০ পৃষ্ঠা।

বড় পণ্ডিত, কেবল বিদ্যাচর্চ্চা করেন। তখন তাঁহার হৃদয়ে যে কোন ধর্ম্মভাবের লক্ষণ আছে তাহা বোধ হইত না। অথচ তখন তিনি পূর্ব্ববঙ্গে একটী ভক্তির তরঙ্গ উঠাইয়া আসিলেন। যথা চৈতন্যমঙ্গলে—

"সেই পদ্মাবতী-তটবাসী যত জন।
বিশ্বম্ভর দেখি শ্লাঘ্য করয়ে নয়ন॥
পদ্মাবতী তীরে-তীরে ফিরে গৌরহরি।
সে দেশ ভকত কৈল শ্রীচরণ ধরি॥
চণ্ডাল পতিত কিবা দুর্জ্জন সজ্জন।
সভারে যাচিয়া প্রভু দিল হরিনাম॥"

আবার চৈতন্যভাগবতে—

"এই মতে বিদ্যারসে বৈকুণ্ঠের পতি।
বিদ্যারসে বঙ্গদেশে করিলেন স্থিতি॥
সহস্র সহস্র শিষ্য হইল তথায়।
হেন নাহি জানি কে পড়ে কোন ঠাঞি॥
সেই ভাবে অদ্যাপিও এই বঙ্গদেশে।
শ্রীচৈতন্য-সংকীর্ত্তন করে স্ত্রী ও পুরুষে॥"

এইরূপে নবদ্বীপবাসীকে জানিতে না দিয়া প্রভু লুকাইয়া বঙ্গদেশ উদ্ধার করিলেন। বঙ্গদেশে যাইবার আর একটী কারণ—রঘুনাথ ভট্টকে সৃষ্টি করা। কারণ গোস্বামী রঘুনাথ তাঁহার লীলাখেলার এক অঙ্গ। সে কিরূপে বলিতেছি। একদিন প্রাতে সে দেশের অতি প্রধান লোক তপনমিশ্র আসিয়া তাঁহার চরণে পড়িলেন। ইহাতে প্রভু জিভ কাটিয়া উঠিয়া দাঁড়াইলেন। তখন তপন বলিলেন, "আমাকে বঞ্চনা করিবেন না, আমি গতরাত্রে স্বপ্নে জানিয়াছি, আপনি স্বয়ং ভগবান্। এখন আমাকে উদ্ধার করুন।" প্রভু বলিলেন, "তুমি সস্ত্রীক বারাণসী গমন কর, সেখানে

আর মুখেও আনিলেননা। ইহার মানে কি? কথা এই, প্রভু ভক্তভাবে বৃন্দাবন ছুটিলেন। কিন্তু ভক্তকে শিক্ষা দেওয়া ব্যতীত প্রভুর আর একটী প্রধান উদ্দেশ্য ছিল,—সেটী জীব উদ্ধার করা। তখন বৃন্দাবনে গেলে তাহা হইত না। তাঁহার বাসের একমাত্র উপযুক্ত স্থান তখন নীলাচল, তাই নীলাচলে চলিলেন ও বৃন্দাবন ভুলিলেন। কারণ শ্রীবৃন্দাবনে তখন গমন করিলে সকল কার্য্য সফল হইত না কেন, তাহা বলিতেছি। প্রথমত বৃন্দাবন তখন জনশূন্য, দ্বিতীয় উহা আগ্রার অর্থাৎ মুসলমান-সম্রাটের রাজধানীর নিকট। সেখানে তখন নিশ্চিন্ত হইয়া জীবোদ্ধার, কি তাহাদিগকে ধর্ম্মশিক্ষা দেওয়ার সম্ভাবনা হইত না। তখন নীলাচল ভারতের একটা প্রধান তীর্থস্থান এবং উহা হিন্দুরাজার অধীনে ছিল। বিশেষতঃ তাঁহার লীলার সহায় জন্য সার্ব্বভৌম ও রামানন্দ রায়কে প্রয়োজন। সার্ব্বভৌম পণ্ডিতগণের প্রধান, তাঁহার দর্পচূর্ণ না করিলে পড়ুয়া পণ্ডিতগণের শ্রদ্ধার পাত্র হইতে পারিবেন না, আর রামানন্দকে কেন প্রয়োজন, তাহা আপনারা অবগত আছেন।

বৃন্দাবন যাইবেন বলিয়া নীলাচল ত্যাগ করিয়া বাঙ্গালা ঘুরিয়া প্রভু আবার একেবারে গৌড়ে উপস্থিত হইলেন। সেখানে রূপ সনাতনকে শক্তি সঞ্চার করিয়া নীলাচলে ফিরিলেন। সুতরাং বৃন্দাবন যাওয়া একটি উপলক্ষ মাত্র। প্রকৃত উদ্দেশ্য রূপ সনাতনকে কার্য্যে প্রবৃত্ত করা। এই রূপে যদিচ প্রভু সর্ব্বদা বিহ্বল থাকিতেন, তবু উদ্দেশ্য সব ঠিক ছিল।

প্রভু কোন পথে নীলাচল গমন করেন তাহা লইয়া গণ্ডগোল ছিল, কারণ লীলা-গ্রন্থে যে পথের কথা আছে, তাহা এখন পাওয়া যায় না। ইহার কারণ ভাগিরথী পূর্ব্বে যে পথে সাগরে মিলিত হন, পরে সে পথ পরিত্যাগ করিয়া অন্য পথ অবলম্বন করেন। সারদাচরণ মিত্র মহাশয়

বস্তু ; তাঁহারা সর্ব্বদা তাঁহাকে রক্ষণাবেক্ষণ করিতে ব্যস্ত থাকিতেন। পূর্ব্বে বলিয়াছি যে, ভগবানের সঙ্গ অধিকক্ষণ করা যায় না। সুতরাং শ্রীগৌরাঙ্গ ভগবান্, এ কথা সর্ব্বদা মনে থাকিলে ভক্তগণ তাঁহার সঙ্গ করিতে পারিতেন না। কিন্তু প্রভু কিরূপে শ্রীমূর্ত্তি দর্শন করিবেন, ও পড়ুয়াগণের স্কন্ধে চড়িয়া ( স্মরণ থাকে যেন, প্রভুর এই নিয়ম ছিল যে, যখন কোন নূতন স্থানে উদয় হইতেন তখন হরিনামের সহিত হইতেন ) হরিনামের সহিত সার্ব্বভৌমের বাড়ী যাইবেন, এই সমুদয় পূর্ব্বে স্থির করিয়া রাখিয়াছিলেন। তাই প্রভু কলহ-ছলা করিয়া অগ্রে গেলেন। ভক্তগণ সঙ্গে গেলে তাহা হইত না।

সার্ব্বভৌমকে কৃপা করিবার নিমিত্ত প্রভুর কয়েক সপ্তাহ নীলাচলে থাকিতে হইল। যে মাত্র এই কার্য্য শেষ হইল, অমনি তিনি দক্ষিণ দেশে যাইবার ইচ্ছা করিলেন। নিত্যানন্দ জিজ্ঞাসা করিলেন, "দক্ষিণে যাওয়ার উদ্দেশ্য কি?" প্রভু বলিলেন, "দাদা বিশ্বরূপকে অন্বেষণ করা।" প্রভুর দক্ষিণদেশে যাইবার প্রকৃত উদ্দেশ্য জীব উদ্ধার করা, বিশ্বরূপের অনুসন্ধান একটা ছল মাত্র। কারণ তিনি জানিতেন যে, ইহার বহু পূর্ব্বে বিশ্বরূপ অদর্শন হইয়াছেন। যদি বিশ্বরূপের অনুসন্ধানই উদ্দেশ্য হইত, তবে নিতাইকে সঙ্গে লইতেন।

প্রভু দক্ষিণে যাইয়া নূতন এক মূর্ত্তি ধরিলেন। তিনি জীবের হৃদয় দ্রব করিবেন বলিয়া সন্ন্যাস লইলেন। এত দিন তিনি নিজজনের মধ্যে ছিলেন। তাঁহারা তাঁহার নিমিত্ত শতবার প্রাণ দিতে পারিতেন। তাঁহাদের নিকট প্রভু কোন কঠোর করিলে তাঁহারা প্রাণে মরিতেন। এখন একেবারে অপরিচিত লোকের মধ্যে উপস্থিত হইলেন। তাহারা প্রভুর নাম পর্য্যন্তও শুনে নাই। সুতরাং তিনি দুঃখ লইলে তাহা নিবারণ করে, কি সহানুভূতি দেখায়, এমন লোক আর কেহ তাঁহার সহিত রহিল

না। প্রভু নিশ্চিন্ত হইয়া সম্পূর্ণ স্বাধীন ভাবে কার্য্য করিতে পারিবেন বলিয়া শ্রীনিতাই কি অপর কাহাকে সঙ্গে লয়েন নাই। যাহাকে লইলেন, তিনি প্রভুর সঙ্গে মাথা তুলিয়া কথা কহিতে সাহস করেন না। এইরূপ সঙ্গী লইয়া ও সম্বলহীন অবস্থায় প্রভু আলালনাথ ত্যাগ করিলেন। অমনি দুই আজানুলম্বিত বাহু উর্দ্ধে তুলিয়া কৃষ্ণকে ডাকিতে ডাকিতে চলিলেন। আপনি পবিত্র হইব বলিয়া সেই শ্লোকটি আবার বলিতেছি। যথা—

"কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে।
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে॥
রাম রাঘব রাম রাঘব রাম রাঘব রক্ষমাং।
কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব পাহিমাং॥"

প্রভু আপনি আচরিয়া ভক্তকে ভক্তিধর্ম্ম শিক্ষা দিতে আসিয়াছেন। তাই দেখাইলেন যে, যখন বিপদ সম্ভব, তখন শ্রীভগবানের আশ্রয় কিরূপে লইতে হয়। তিনি ডাকিতেছেন, "কৃষ্ণ রক্ষমাং," কি "কৃষ্ণ পাহিমাং," বলিয়া আর সে এরূপ ঐকান্তিক ভাবে যে,—যে শুনিতেছে তাহারই মনে হইতেছে যে, কৃষ্ণ যেন তাঁহার সম্মুখে। সে আরও বুঝিতেছে যে, এরূপ প্রাণভরা ডাক উপেক্ষা করিতে কৃষ্ণ কখনই পারিবেন না। বস্তুতঃ প্রভু আপনাকে বিপদ-সাগরে লইয়া চলিলেন। চিরদিন তিনি অন্য দ্বারা রক্ষিত, যেহেতু তিনি প্রেম ও ভক্তিতে বিহ্বল। দিবানিশি শত শত লোক তাঁহাকে রক্ষণাবেক্ষণ করিয়া আসিয়াছে। অদ্য তিনি বিদেশে একা। সে দেশ জানেন না, সেখানকার কাহাকেও জানেন না, সে দেশের ভাষা পর্য্যন্ত জানেন না, বিশেষত সঙ্গে কপর্দ্দক মাত্রও নাই। উত্তর-পশ্চিম প্রদেশে হিন্দিভাষা অনেকটা সংস্কৃত ও বাংলার মত, কিন্তু দক্ষিণ দেশের ভাষা সম্পূর্ণ বিভিন্ন।

তিনি কোথা যাইতেছেন তাহা কেহ জানে না; এমন কি তিনি যেন

আপনিই জানেন না। তবে কোথা যাইতেছেন, না—যেখানে কৃষ্ণ তাঁহাকে লইয়া যাইতেছেন! রাত্রি হইল, একটী বৃক্ষতলে বৃক্ষ হেলান দিয়া বসিলেন। প্রভাত হইল আবার চলিতে লাগিলেন। কি আহার করিবেন, আর কোথা আহার পাইবেন, তৎসম্বন্ধে তাঁহার কোন চিন্তা নাই। এদিকে প্রভু বিভোর ভাবে মুহুর্মুহু ডাকিতেছেন,—"কৃষ্ণ পাহিমাং!" কৃষ্ণ করেন কি, কাজেই তাঁহার আহার যোগাইতে হইতেছে, তিনি না যোগাইলে আর কে যোগাইবে? না যোগাইলে, গীতায় কৃষ্ণ যে প্রতিজ্ঞা করিয়াছেন তাহা যে বিফল হয়। সম্মুখে ব্যাঘ্র পড়িল, প্রভু লক্ষ্যও করিলেন না। কেন? তিনি না ভক্ত? ভক্তভাবে "কৃষ্ণ রক্ষমাং" বলিয়া, আপনার রক্ষার দায় কৃষ্ণের ঘাড়ে চাপাইলেন। প্রভু পাছে মূর্চ্ছিত হইয়া আছাড় খা'ন, সেইজন্য নিতাই, অদ্বৈত, নরহরি, স্বরূপ প্রভৃতি শত শত ভক্ত সর্ব্বদা দুই বাহু প্রসারিয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ফিরিতেন। এখন তিনি শত আছাড় খাইলেও তাঁহাকে রক্ষা করে, এমন কেহ নাই। প্রভু কূর্ম্মক্ষেত্রে বাসুদেবকে কুষ্ঠরোগ হইতে মুক্ত করিয়া ও ভক্তি দিয়া গোদাবরী-তীরে রামরায়ের নিকটে আসিলেন, এবং সেখানে অদ্ভুত সাধ্যসাধন-নির্ণয়রূপ বিচার উঠাইলেন। এ সমুদয় লীলা তৃতীয় খণ্ডে পাইবেন। প্রভু সেখান হইতে বিদায় হইবার সময় রামরায় একেবারে অস্থির হইয়া পড়িলেন। প্রভু বলিলেন, "তুমি অপেক্ষা কর, আমি শীঘ্র ফিরিয়া আসিয়া তোমাকে সঙ্গে করিয়া নীলাচলে যাইব।" দক্ষিণ দেশে শীঘ্র শীঘ্র কার্য্য শেষ করিতে হইবে বলিয়া, প্রভু সে দেশে অসীম-শক্তি প্রকাশ করিতে লাগিলেন। একজনকে আলিঙ্গন করিলেন, করিয়া তাহাকে ফেলিয়া চলিয়া গেলেন। সে ব্যক্তি এরূপ শক্তি পাইলেন যে, তিনিও শক্তিসঞ্চার করিতে লাগিলেন। আবার তিনি যাঁহাদিগকে শক্তি-সঞ্চার করিলেন, তাঁহারাও শক্তিসঞ্চার করিবার শক্তি

কেবল কচকচি বাধিয়া যাইত। কিন্তু প্রভু সে পথে না যাইয়া, ভগবানের মাধুর্য্যরূপ যে মধু তাহার একবিন্দু তাঁহার বদনে দিলেন, আর অমনি রামগিরি ধরা পড়িলেন। যিনি যত বড় নাস্তিক হউন, সকলের হৃদয়েই ভক্তির বীজ আছে। কোনক্রমে উহা একবার জাগরিত করিতে পারিলে তাহাদের নাস্তিকতা দুর্ব্বল হইয়া পড়ে। রামগিরি প্রভুর শ্রীপদে আত্ম-সমর্পণ করিলেন। ইহাতে—"পণ্ডিতের শিরোমণি যত বৌদ্ধগণ। রামগিরি পথে সব করিল গমন॥"

গোবিন্দের কড়চায় যে ত্রিমন্দ নগরের কথা লেখা আছে, শ্রীচরিতামৃতে তাহাকে ত্রিমট বলা হইয়াছে। বৌদ্ধগণের সহিত প্রভুর বিচার উহাতে এইরূপে বর্ণিত আছে—

বৌদ্ধাচার্য্য মহাপণ্ডিত বিজন-বনেতে।
প্রভু আগে উদ্‌গ্রাহ করি লাগিল বলিতে॥
যদ্যপি অসম্ভাষ্য বৌদ্ধ অযুক্ত দেখিতে।
তথাপি মিলিলা প্রভু তাদের উদ্ধারিতে॥

বৌদ্ধগণের উদ্ধার শুনিয়া ঢুণ্ডিরাম-তীর্থ বিচার করিতে গেলেন। সেই স্থানের নিকট ঢুণ্ডিরামের আশ্রম আছে। এই আশ্রমের যিনি গুরু, তিনি ঢুণ্ডিরাম খ্যাতি পাইয়া থাকেন। ঢুণ্ডিরাম এবং অন্যান্য পণ্ডিতগণ সম্বন্ধে চরিতামৃত বলেন—

তার্কিক মীমাংসক মায়াবাদিগণ।
সাংখ্য পাতঞ্জল স্মৃতি পুরাণ অগণন॥
হারি হারি প্রভু মতে করেন প্রবেশ।
এই মত বৈষ্ণব প্রভু কৈল দক্ষিণদেশ॥

গোবিন্দের করচায় ঢুণ্ডিরাম সম্বন্ধে এইরূপ আছে—

"অহংকারে সদা মত্ত পণ্ডিতাভিমানি।"

চরণে দলিত হইতে লাগিলেন। যদিও প্রভু তীর্থরামকে লক্ষ্য করিলেন না, কিন্তু সত্যের প্রতি তাঁহার দৃষ্টি রহিয়াছে। সেই অচেতন অবস্থায় প্রভু সত্যকে উঠাইলেন, আর তাহাকে বাহুতে ছাঁদিয়া বলিতেছেন, "কৃষ্ণ বল, মুকুন্দ মুরারিকে ডাকো।"

হরিনাম মন্ত্র প্রভু নাই বাহ্যজ্ঞান।
ঘাড়ি ভাঙ্গি পড়িতেছে আকুল পরাণ॥
আছাড়িয়া পড়ে, নাহি মানে কাঁটা খোঁচা।
ছিড়ে গেল কণ্ঠ হতে মালিকার গোচা॥
আর, পিচকারি সম অশ্রু বহিতে লাগিল।

তখন ষড়যন্ত্রকারী তিনজনে, অর্থাৎ তীর্থ ও বেশ্যাদ্বয় মৃতপ্রায় হইয়াছে। তীর্থরামের অবস্থা দেখিয়া, তখন অতি কঠিন যে, তাহারও দ্রব হইবার কথা। যাহারা সেখানে ছিলেন তাহারা তীর্থরামের কার্য্যকে ঘৃণা করিয়া তাহার প্রতি ক্রুদ্ধ হইয়াছিলেন। সেই জন্যে যখন অচেতন প্রভুর পদাঘাতে তাহার দেহ চূর্ণ হইতে লাগিল, তখন তাহারা ভাবিতে লাগিলেন বেশ হইয়াছে। কিন্তু সে ভাব তাহাদের বেশীক্ষণ রহিল না, তীর্থরামের কাতরোক্তি শুনিয়া এবং তিনি অনুতাপানলে দগ্ধ হইয়া আপনাকে আপনি ধিক্কার দিতেছেন দেখিয়া, তাহার প্রতি তাহাদের দয়া হইল।

এদিকে প্রভুর ভাব শুনুন। প্রভু একটু পরে চৈতন্য পাইলেন, এবং তীর্থরামকে উঠাইয়া অতিপ্রেমে গাঢ় আলিঙ্গন করিলেন। পূর্ব্বে বলিয়াছি, প্রভু এক গালে মার খাইলে আর এক গাল ফিরাইয়া দেওয়া অপেক্ষাও অধিক করিতেন, তাহার নিদর্শন পূর্ব্বে দেখুন। তীর্থরামকে গাঢ় আলিঙ্গন করিলে, তিনি ভয় পাইয়া বলিলেন, "প্রভু করেন কি, আমি অপবিত্র অস্পৃশ্য, আমাকে স্পর্শ করিলেন!" প্রভু উত্তরে বলিলেন—
"পবিত্র হইনু আমি পরশি তোমারে।"

প্রভু কিন্তু একেবারে নীরব। এত লোক যে একত্র লইয়া সম্মুখে দাঁড়াইয়া আছে, তাহা তিনি একেবারে লক্ষ্যই করিলেন না। সকলে তখন বিনয় করিয়া বলিতে লাগিল, "স্বামী নগরে চলুন।" কিন্তু

"প্রেমে মত্ত মোর প্রভু শুনে নাহি কথা।"

এই যে সেই স্থান লোকারণ্য হইল, প্রভু কি কোন চর পাঠাইয়া তাহাদিগকে ডাকাইয়া ছিলেন? ডাকাইলেই বা তাহারা আসিবে কেন? লোক আইল কেন, না—প্রভুর অনিবার্য্য আকর্ষণে। ক্রমে যখন কলরব অত্যন্ত বাড়িয়া উঠিল, তখন প্রভু আর ধৈর্য্য ধরিতে পারিলেন না—

"অমনি উঠিয়া প্রভু নাচিতে লাগিলা।"

তখন সমুদায় লোক সেই সঙ্গে করতালি দিয়া নাচিতে লাগিল। এবং সেই বৃক্ষতল শ্রীবাসের আঙ্গিনায় পরিণত হইল। এইরূপে সমস্ত লোকে সমস্ত নিশি আনন্দে প্রভুর সঙ্গে নৃত্য করিয়া কাটাইল। প্রভাত হইলে প্রভু চলিলেন, আর সেই সকল লোক প্রভুকে থাকিতে মহা জিদ করিতে লাগিল। কিন্তু—"প্রভু মোর কোন উপরোধ না শুনিল।"

সেই সময় এক ভিখারী রমণী প্রভুর নিকট কান্দিয়া ভিক্ষা মাগিল। সে ভক্তি-ভিক্ষা নয়, অন্ন-বস্ত্রের ভিক্ষা, যাহা প্রভুর দিবার শক্তি ছিল না। দরিদ্র রমণীর পরিধান জীর্ণবাস, আর অনাহারে দেহ শীর্ণ। কিন্তু দারিদ্র্যের নিমিত্ত এরূপ জ্ঞানশূন্য স্বার্থপর নীচ হইযাছে যে, যদিও দেখিতেছে প্রভু একজন কাঙ্গাল সন্ন্যাসী, তাঁহার দিবার কিছু নাই, তবু তাঁহার কাছে হাত পাতিতে ছাড়িল না। আমরা হইলে তাহাকে দূর-দূর করিতাম, কিন্তু প্রভু আমার তাহা করিলেন না। তাঁহার দয়া হইল, কিন্তু আপনার ত কপর্দ্দক মাত্র নাই, দিবেন কি? তাই প্রভু ঈষৎ হাসিয়া মুন্ত্যাবাসিগণের নিকট ভিক্ষা মাগিলেন। ইহাতে—

দুই দিবস এইরূপ ঘোর অচেতন অবস্থায় প্রভুর কাটিয়া গেল, মোটে চেতন হইল না। তিন দিনের দিন একটি জটাধারী সন্ন্যাসী পাহাড় হইতে নামিলেন। তিনি একেবারে উলঙ্গ। তিনি আসিয়া আপন মনে শিবকে পূজা করিয়া, কাহারও সহিত কোন কথা না বলিয়া, যে পথে আসিয়াছিলেন সেই পথ দিয়া আবার পর্ব্বতোপরি গমন করিলেন। সন্ন্যাসীর দেহটী যেন একখানি "পোড়াকাঠ"। প্রভু যেই চেতন পাইলেন, তাঁহার সঙ্গী সাহস করিয়া প্রভুকে সেই সন্ন্যাসীর কথা বলিলেন। শুনিবামাত্র প্রভু সেই পর্ব্বতোপরি চলিলেন। প্রভু সচরাচর এক দিনের অধিক কোন স্থানে থাকেন না, এই নির্জ্জন স্থানে যে তিন দিন ছিলেন বোধ হয় এই সন্ন্যাসীর সহিত ইষ্টগোষ্ঠী করিবেন বলিয়া। প্রভু চলিলেন। ক্রমে পর্ব্বতোপরি যাইয়া দেখেন যে সন্ন্যাসী উলঙ্গ, বৃক্ষতলে বসিয়া, একেবারে ধ্যানে মগ্ন, তাঁহার বাহ্যজ্ঞান মাত্র নাই।

প্রভু প্রথমে সন্ন্যাসীকে বিনয় করিয়া সম্বোধন করিতে লাগিলেন, কিন্তু তাঁহার ধ্যান ভঙ্গ হইল না। তখন প্রভু দাঁড়াইয়া জোড়হস্তে তাঁহাকে স্তব আরম্ভ করিলেন। ইহাতে সন্ন্যাসী চক্ষু উন্মীলন করিলেন, করিয়া প্রভুর পানে চাহিলেন। চাহিয়া যেন অতি আনন্দের সহিত হাসিয়া উঠিলেন। এই পোড়াকাষ্টের মুখে হাসি, ইহাও এক আশ্চর্য্য দৃশ্য। কেন হাসিলেন তাহা কে বলিতে পারে? প্রভু বসিলেন। তখন সন্ন্যাসী বলিলেন, "এখানে আতিথ্য গ্রহণ করুন।" প্রভু কৃষ্ণকথা আরম্ভ করিলেন, এবং ভাবে বিভোর হইলেন,—তাঁহার সর্ব্বাঙ্গ পুলকিত হইল। এবং "চরণে চরণ বান্ধি পড়িল তখন॥"

প্রভু সেই পাথরের উপর পড়িয়া গেলেন—

কপাল ফাটিয়া গেল পাথরের ঘায়।
রুধিরের ধারা কত পড়িল ধরায়॥

মুখে লালা বহে কত জল নাসিকায়।
জড়ের সমান পড়ি রহে গোরারায়॥

সন্ন্যাসী তখন এক নূতন জগৎ দেখিলেন। প্রভু আত্মারাম শ্লোক লইয়া কত কাণ্ড করেন, তাহা আপনারা জানেন। এই শ্লোকটীর তাৎপর্য্য এই যে, যে সমুদায় আত্মারামগণ সমস্ত গ্রন্থি ছেদন করিয়াছেন তাহারাও তুলসীর গন্ধে আকৃষ্ট হয়েন, অর্থাৎ ভক্তিতে লোভ করেন। এই তত্ত্বটী পূর্ব্বে কেবল শ্লোকে আবরিত ছিল, এখন প্রভু তাহার সারত্ব দেখাইলেন। এই সন্ন্যাসীটী আত্মারাম ও নির্গ্রন্থি বটে। এখন তুলসীর গন্ধ পাইয়া—

প্রভুর চরণে পড়ি কান্দিতে লাগিল॥
পোড়াকাষ্ঠ সম দেহ অঙ্গে নাই বাস।
খুলিল জটার ভার বহিল নিশ্বাস॥
শ্মশ্রু বহি অশ্রুধারা পড়িতে লাগিল।
প্রেমে সেই পোড়াকাষ্ঠ ফুলিয়া উঠিল॥

জ্ঞান হইতে আনন্দ হয়, প্রেম হইতেও আনন্দ হয়। যাঁহারা মনের সমুদায় কমনীয় ভাব নষ্ট করিয়া শুধু যোগ দ্বারা আত্মার পরিবর্দ্ধন করেন, তাঁহারা জ্ঞানানন্দ ভোগ করেন। তাঁহারা একা, তাঁহাদের সঙ্গী নাই; এমন কি ভগবানও তাঁহাদের সঙ্গী নন। তাঁহারা আপনার আত্মার সহিত রমণ করেন। আর যাঁহারা অন্তরের কমনীয় ভাবগুলি বর্দ্ধন করিতে থাকেন, তাঁহাদের সঙ্গী জীব মাত্রেই এবং স্বয়ং ভগবান। তাঁহারা ক্রমে প্রেম লাভ করেন, ও শেষে প্রেমানন্দ ভোগ করেন। যাঁহারা জ্ঞানানন্দ ভোগ করেন, তাঁহারা এক প্রকার গুলিখোর, আনন্দ লইয়া পড়িয়া থাকেন, কিন্তু প্রেমানন্দ হইতে বঞ্চিত। যাঁহারা প্রেমানন্দ ভোগ করেন, জগৎ তাঁহাদের আর জগতের তাঁহারা,—ভগবান তাঁহাদের আর

সেখানে গো-সমাজ শিব ও কুম্ভকর্ণের মাথার সরোবর দেখিয়া, প্রভু পরিশেষে শ্রীরঙ্গক্ষেত্রে আসিলেন। তাঞ্জোর-নগরে ধলেশ্বর নামক এক ব্রাহ্মণ রাধাকৃষ্ণ বিগ্রহ সেবা করেন। তিনি সেই ঠাকুর-বাড়ীর আঙ্গিনায় এক প্রকাণ্ড বকুলবৃক্ষতলে থাকেন, আর অনেক বৈষ্ণব সন্ন্যাসী সেখানে বাস করেন। গো-সমাজ শিব তাহার বামভাগে থাকেন। ধলেশ্বর, প্রভুকে কুম্ভকর্ণ সরোবর দেখাইতে লইয়া গেলেন। এইরূপ প্রবাদ যে, এই সরোবরটি কুম্ভকর্ণের মাথা, আর কিছু নয়। কুম্ভকর্ণ লঙ্কায় মরেন, তাহার অত বড় মাথা তাঞ্জোরে কে বহিয়া আনিল? সেখান হইতে অতি সুন্দর চণ্ডালু-পর্ব্বত দেখা যায়। দেখিতে যেন একখানা সুন্দর চিত্র। সেখানে বিস্তর গোফা আছে, আর উহাতে অনেক সন্ন্যাসী থাকিয়া তপস্যা করেন। এইরূপে ভারতবর্ষে সহস্র সহস্র পর্ব্বতে লক্ষ লক্ষ গোফা ছিল ও এখনও আছে। তবে তখন সেখানে সন্ন্যাসীরা বাস করিতেন, এখন যে সমুদয় ব্যাঘ্র ভল্লুকের বাসস্থান হইয়াছে। দক্ষিণদেশে মুসলমান উপদ্রব তখনও প্রবেশ করে নাই। কাজেই মুসলমানেরা আসিবার পূর্ব্বে ভারতবর্ষের কি অবস্থা ছিল, তাহা তখনকার দক্ষিণদেশ দেখিলে বুঝা যাইত। এই যে প্রভু চলিয়াছেন, ইহাতে প্রতি পদে তীর্থস্থান পাইতেছেন, আর সকল স্থানই সাধু-সন্ন্যাসী কর্ত্তৃক অলঙ্কৃত। নিকটে একটি ক্ষুদ্র বনে সুরেশ্বর নামক এক সন্ন্যাসী দশজন শিষ্য লইয়া বাস করেন। বনটী অতি মনোহর, বড় বড় গাছ ও একটী ঝরণার দ্বারা শোভিত। সাধু-সন্ন্যাসীরা এইরূপ সুন্দর স্থানে থাকেন। নিকটস্থ গ্রাম হইতে লোকে তাঁহাদের ভিক্ষা যোগাইয়া থাকে। পূর্ব্বে ভারতবর্ষের সকল স্থানে এইরূপ আশ্রম ছিল। প্রভু সেখানে কয় দিন থাকিয়া সন্ন্যাসী কয়েকটীকে প্রেমে উন্মত্ত করিলেন, শেষে সেই বৈকুণ্ঠতুল্য স্থান ত্যাগ করিয়া পদ্মকোটে গেলেন। সেখানে অষ্টভুজা দেবী থাকেন। প্রভুকে দেখিতে বহুলোক

আসিল। তাহাদের সহিত দুই এক কথা বলিতে বলিতে এক আশ্চর্য্য অলৌকিক ভাব হইল। প্রভু হরিধ্বনি করিতে লাগিলেন, আর চারিদিকে তাহার প্রতিধ্বনি হইতে লাগিল। দেবী যেন দুলিতে লাগিলেন, আর পুষ্পবৃষ্টি হইতে লাগিল, এবং পদ্মগন্ধে সেই স্থান ভরিয়া গেল, যথা—

বালক যুবক সবে ক্ষেপিয়া উঠিল।
অষ্টভুজা দেবী যেন দুলিতে লাগিল॥
পদ্মগন্ধ চারিদিকে লাগিল বহিতে।
সেইখানে পুষ্পবৃষ্টি হইল আচম্বিতে॥

পশ্চাতে রমণীগণ ছিলেন, তাঁহারা সেই ফুল কুড়াইয়া কেলি করিতে অর্থাৎ পরস্পরের গাত্রে ফেলিতে লাগিলেন।

এই সমুদয় অলৌকিক কাণ্ড হইতেছে৮ সকলে যেন আবেশিত, তাহাদের সম্পূর্ণ চেতন নাই। এমন সময় একটী অন্ধ সাধু ব্রাহ্মণ ধীরে ধীরে আসিয়া প্রভুর পদ-দুখানি জড়াইয়া ধরিলেন, এবং কাতর-কণ্ঠে বলিতে লাগিলেন, "হে জগদীশ্বর, কৃপা কর।" প্রভু বলিলেন, "এখানে জগদীশ্বর কোথা? সম্মুখে জগদীশ্বরী আছেন বটে।" অন্ধ বলিলেন, "প্রভু, আমাকে দয়া কর, আমি চক্ষু ভিক্ষা করি না, আমি কেবল একবার তোমার রূপ দেখিব।" প্রভু বলিলেন, "তোমার চর্ম্মচক্ষু নাই, তুমি কিরূপে দেখিবে? তবে জ্ঞান-চক্ষু দ্বারা সমুদয় দেখিতে পার বটে।" কিন্তু অন্ধ পা ছাড়েন না। তিনি শেষে বলিলেন, "তবে শুনিবে? আমি বহুকাল ভগবতীর আশ্রয়ে এই মন্দিরে পড়িয়া আছি। কল্য নিশিতে আমাকে ভগবতী স্বপ্নে দেখা দিয়া বলিয়াছেন যে, তুমি আসিতেছ, আর তুমিই অগতির গতি। তাই তোমার চরণে আশ্রয় লইয়াছি। জীব তোমাকে 'দয়াময়' বলে। তুমি তোমার সেই দয়ার গুণে আমাকে তোমার রূপটি একবার দেখাও, আমি আর কিছুই চাই না।" প্রভু অগ্রে যাহা

পড়িলেন। তাহার পরে রামেশ্বরে শিবদর্শন করিলেন। বহুতর পণ্ডিত উদাসীন সেখানে বাস করেন। তাহার মধ্যে যিনি বড় পণ্ডিত তিনি অবশ্য যুদ্ধং দেহি বলিয়া উপস্থিত হইলেন। প্রভু তখনি পরাজয় স্বীকার করিয়া বলিলেন, "তোমার সহিত বিচারে আমি পারিব কেন? তুমি আমাপেক্ষা খুব বড় পণ্ডিত।" প্রভুর এইরূপ বিনয় দেখিয়া সে একটু স্তম্ভিত হইল, হইয়া ভাবিতে লাগিল। প্রভু তাহা দেখিয়া বলিতেছেন, "সন্ন্যাসী ঠাকুর, ভাবিতেছ কি? বিচার ছাড়, যাহাতে ভগবচ্চরণে প্রীতি হয় তাই কর। বিচারে অহঙ্কার বৃদ্ধি হয়, আর অহঙ্কার বৃদ্ধি হইলে, দর্পহারী ভগবান্ আছেন, বুঝলে ত?" বলিতে বলিতে প্রভু আবেশিত হইলেন, আর সেই অবস্থায় নৃত্য করিতে করিতে—

পড়িল চৈতন্য প্রভু আছাড় খাইয়া।
পথেরের ধারে গেল থুতনী কাটিয়া॥
দরদর রক্তধারা পড়িতে লাগিল।
যতনে পণ্ডিতবর মুছাইয়া দিল॥

সেখানে তিন দিন থাকিয়া তাহাদিগকে ভক্তি দিয়া, প্রভু মাধ্বিবনে গমন করিলেন। শুনিলেন, সেখানে একজন উচ্চশ্রেণীর সন্ন্যাসী আছেন। প্রকৃতই তিনি যোগসিদ্ধ ও অতিবৃদ্ধ, শ্বেত-শ্মশ্রুতে তাঁহার হৃদয় আবৃত ও তিনি ধ্যানস্থ। তাঁহার মুখে কোন শব্দ নাই। তিনি বসিয়া আছেন বৃক্ষতলে, সেই তাঁহার ঘর। প্রভু তাঁহাকে স্তব করিতে লাগিলেন। এইরূপে তিন দিন ধ্যানস্থ থাকিবার পরে সন্ন্যাসী সহজ অবস্থা প্রাপ্ত হইলেন। তিনি কিঞ্চিৎ ফলমূল আহার করিয়া জীবন ধারণ করেন। সন্ন্যাসী যে দিন প্রথম ধ্যানস্থ হয়েন, সেইদিন প্রভু গিয়াছিলেন। তাই তিনি তিন দিন রহিলেন। সন্ন্যাসী চেতন পাইলে, অমনি প্রভু কথা কহিতে লাগিলেন। কি যে কথা হইল তাহা কোন গ্রন্থে নাই।

সেই সন্ন্যাসীর সহিত দেখা হইল। তাহার এক কর্ণে সোণার কুণ্ডল, সন্ন্যাসীর নাম ঈশ্বর ভারতী। তিনি আসিয়া প্রভুর নিকট মায়াবাদ-তত্ত্ব কহিতে লাগিলেন। লোকটী সরল, তাঁহার ইচ্ছা প্রভুর কি মত শ্রবণ করেন। কিন্তু প্রভুকে দর্শনমাত্র তাহার মনে এক নূতন ভাবের উদয় হইল। তাহা এই যে, এই নূতন সন্ন্যাসী তাঁহা অপেক্ষা অনেক উন্নত। আবার প্রভু যেমন যাইতেছেন, তাঁহার সুখ্যাতি তেমনি অগ্রে অগ্রে চলিতেছে। সুখ্যাতি এইরূপ যে, সন্ন্যাসী একজন পরম রূপবান, পরম পণ্ডিত ও পরম ভক্ত। তিনি দেশ সমেত লোককে হরিবোলা করিতেছেন, তাঁহার প্রতাপে দেশে আর পাপী তাপী থাকিতেছে না। অতএব তাঁহার নিকট তাঁহার এরূপ শক্তির কারণ জ্ঞাত হওয়া কর্ত্তব্য। সে কথা সরলভাবে জিজ্ঞাসা করিলে পারিতেন। কিন্তু মনে অভিমান থাকায় তাহা পারিলেন না। তাই তর্ক উঠাইয়া প্রকারান্তরে প্রভুর সাধন ভজন কি, ও তাহার ভিত্তিভূমি কি, ইত্যাদি জানিয়া লইবেন এই ইচ্ছা। অবশ্য প্রভু সন্ন্যানীর মনের ভাব বেশ বুঝিতে পারিলেন, তাই সন্ন্যাসীর কথায় কোন উত্তর না দিয়া, চুপ করিয়া বসিয়া রহিলেন। পাঠকের মনে আছে যে, একদিন শচীজননীর ইচ্ছা হইল যে, নিমাইকে কথা বলাইয়া কর্ণ পরিতৃপ্ত করিবেন, কারণ তাহার কথা মধু হইতে মধু। কিন্তু ধূর্ত্ত নিমাই তাহা বুঝিতে পারিয়া মোটে কথা বলিলেন না। এই সম্বন্ধে আমার একটী কবিতা আছে। বড় পীড়াপীড়ি করিলে নিমাই কেবল মাথা নাড়িতে ও হাসিতে লাগিলেন। তখন শচী রাগ করিয়া হাতে ঠেঙ্গা ধরিলেন, আর নিমাই দৌড় মারিলেন।

এখানেও প্রভু সন্ন্যাসীঠাকুরের মনোগত ভাব বুঝিতে পারিয়া চুপ করিয়া রহিলেন, ও অল্প অল্প হাসিতে লাগিলেন। তখন শচী যেরূপ করিয়াছিলেন, সন্ন্যাসী ও তাই করিলেন; অবশ্য ঠেঙ্গা ধরিলেন না, তবে

চারিজনে বসিল প্রভুর চারিভিতে।
এই রঙ্গ দেখি প্রভু লাগিল হাসিতে॥
ভারতী বলিল তুমি উড়াও হাসিয়া।
মুহি যাহা বলি তাহা দেখ আলোচিয়া॥"

ভারতী বলিতেছেন, "এই তিন জন মধ্যস্থ রহিলেন। তুমি আমাকে বুঝাইয়া দাও যে আমাদের উপাস্য কে?"

আমি পূর্ব্বে বলিয়াছি যে, প্রভু কখন বা কাহাকে ব্যঙ্গ করিয়া বশীভূত করিতেন, তাহার উদাহরণ এই একটি দেখুন। প্রভু তখন রহস্য ভাব ছাড়িয়া দিলেন, দিয়া গম্ভীরভাবে বলিতে লাগিলেন, "হে পণ্ডিত! আমি বিচার জানি না, তাহাতে আবার তুমি অত বড় পণ্ডিত, তোমার নিকট আমি শত বার হার মানিলাম। তদ্ যথা—"চাহ যদি জয়পত্র লিখে দিতে পারি। তোমার বিচারে আমি মানিলাম হারি॥"

যোগীর বিচার ইচ্ছা নয়, জয়ও ইচ্ছা নয়। তাঁহার প্রার্থনা জ্ঞান উপার্জ্জন, তাই কাতর ভাবে প্রভুর পানে চাহিতে লাগিলেন। তখন প্রভুর দয়া হইল। প্রভু বলিলেন, "আমি ভগবান্, আমিও যে তিনিও সে—এ সমুদয় দম্ভ ত্যাগ কর। করিয়া সেই মধু হইতে মধু যে ভগবান্ তাঁহাকে ভজনা কর। তাহা হইলে শান্ত হইবে, সুখও পাইবে।" ইহা বলিয়া প্রভু কৃষ্ণকথা, অর্থাৎ কৃষ্ণের মাধুর্য্য বর্ণনা আরম্ভ করিলেন। একে কৃষ্ণের কথা, তাহাতে আবার প্রভুর মুখে, কাজেই সুধাবৃষ্টি আরম্ভ হইল। ভক্তগণ অবশ্য জানেন যে, যাহার ভক্তি উদয় হয় তাহার সমুদায় লাবণ্যময় হয়, স্বরও মধুর হয়। আবার এরূপ অবস্থাপন্ন ভক্তের মুখে কৃষ্ণনাম কি মধুর তাহা যিনি শুনিয়াছেন তিনিই জানেন। তাই পদে আছে, "কেবা শুনাইল শ্যাম নাম?" তাই পদে আছে "লইতে কৃষ্ণ-নাম জিহ্বা নাচে অবিরাম।" প্রভু কৃষ্ণকথা কহিতে

তাঁহাকে আলিঙ্গন করিলেন, করিয়া বলিতেছেন,—"দেখ, আমি সামান্য মানুষ, এই তুলসী চন্দন গোপালকে দাও।" বিপ্র বলিলেন, "ভাল, তুমি না হয় আমাদের ন্যায় মানুষ, কিন্তু সন্ন্যাসী ঠাকুর আমাকে বল দেখি,—"তব অঙ্গে সৌদামিনী খেলা করে কেন? তব দেহে পদ্মগন্ধ অনুমানি হেন॥ তুমি যদি ভগবান নহ দয়াময়। তবে কেন তব অঙ্গে পদ্মগন্ধ পাই॥" এই যে প্রভুর অঙ্গে সর্ব্বদা পদ্মগন্ধের কথা ও সৌদামিনী খেলার কথা, ইহা গোবিন্দ বারম্বার বলিয়াছেন। পদ্মগন্ধ সর্ব্বদাই, এবং সৌদামিনী মাঝে মাঝে প্রকাশ পাইত। যেখানে প্রভুর আপনাকে লুকাইবার কোন কারণ থাকিত না, সেখানে ঐ বিদ্যুল্লতা অতি জাজ্জল্যরূপে প্রকাশ পাইত।

প্রভু ত্রিবাঙ্কুর ত্যাগ করিয়া ক্রমে মহারাষ্ট্রীয় দেশে প্রবেশ করিলেন। সেখানে অনেকগুলি অদ্ভুত লীলা করেন। প্রভু গুর্জ্জরীনগর ছাড়িয়া পুনা যাইবেন মনস্থ করিলেন। কিন্তু তাহা না করিয়া একবারে বিজাপুরে গেলেন। সেখান হইতে পাণ্ডুপুরে বা পাণ্ডারপুরে গমন করিলেন। এই স্থানে তাঁহার অগ্রজ বিশ্বরূপ অতি আশ্চর্য্যরূপে নিত্যধামে চলিয়া যান। শিবানন্দ সেন তখন সেখানে ছিলেন। তিনি দেখিলেন, বিশ্বরূপের আত্মা দেহ ছাড়িয়া সহস্র সূর্য্যের ন্যায় চলিয়া গেল। তাহা দেখিয়া শিবানন্দ আনন্দে নৃত্য করিতে লাগিলেন।

বহুকাল হইল যখন আমরা বোম্বাইনগরে থিওসোফিষ্টগণের অতিথি হইয়া, তাঁহাদের সাধনপদ্ধতি শিখিতেছিলাম, তখন সবে তাঁহারা সেখানে আসিয়াছেন। সে সময় একটি পার্সি ব্যতীত আর কাহারও সঙ্গে তাঁহাদের আলাপ হয় নাই। একদিন তাঁহাদের প্রাচীর পরিবেষ্টিত একটা বাঙ্গালার বারান্দায় আমি ও অলকট সাহেব একটী মান্দুরে শয়ন করিয়া গল্প করিতেছিলাম। ইহার মধ্যে শুনিলাম যে কীর্ত্তন হইতেছে।

উঠিল। এই বহুদূরদেশে, নিবিড় জঙ্গলে, এই খোল করতাল, এই কীর্ত্তন, আর আমাদের নবদ্বীপবাসী ব্রাহ্মণকুমারটীর নাম কিরূপে আইল, ইহা ভাবিতে ভাবিতে রামযাদব বাবু বিভোর হইলেন। কীর্ত্তনান্তে তিনি বৈষ্ণবগণের নিকট ইহার তথ্য জিজ্ঞাসা করিলেন। কিন্তু তাহারা কিছুই বলিতে পারিল না। তখন রামযাদব বাবুর সংকল্প হইল যে, ইহার তথ্য না জানিয়া তিনি যাইবেন না। এই উদ্দেশ্যে সেখানে রহিয়া গেলেন। দুই দিবসের অনুসন্ধানের পর একটী প্রাচীন বৈষ্ণব পাইলেন। তিনি বলিলেন, "তোমাদের বাড়ী যে বঙ্গদেশে, সেখান হইতে এই খোল করতাল ও এই কীর্ত্তন আসিয়াছে।" কিরূপে আসিল জিজ্ঞাসা করায় বলিলেন, "তোমাদের দেশের চৈতন্যদেব এই মন্দিরের সম্মুখে নৃত্য করিয়াছিলেন। সেই হইতে এই বঙ্গীয়-কীর্ত্তন ইত্যাদি এখানে হইতেছে।

চারি শত বর্ষ পূর্ব্বে পথে যাইতে যাইতে ইলোরার মন্দিরের সম্মুখে শ্রীগৌরাঙ্গ নৃত্য করিয়াছিলেন, আর সেই তরঙ্গ অদ্যাপি সেখানে আছে, এই অদ্ভুত কাণ্ড একবার ভাবিয়া দেখুন। তাহা হইলে বুঝিবেন যে, রামযাদব বাবু কি ভাবে মোহিত হইলেন। "এখানে তোমাদের শ্রীচৈতন্যদেব নৃত্য করিয়াছিলেন"—বৈষ্ণব ইহাই বলিলেন। কেবল নৃত্য করিয়াছিলেন, তাহাতেই তাঁহার ধর্ম্মের বীজ বপন করা হইয়াছিল। তখন রামযাদব বাবু ভাবিলেন, তাঁহার বাড়ী শ্রীনবদ্বীপে, তিনি গৌরাঙ্গের তথ্য কিছুই জানেন না; আর এই ইলোরায় তাঁহাকে পূজা করে! ইহাই ভাবিয়া তাঁহার নিজের উপর ধিক্কার হইল, আর তখন তিনি গৌরাঙ্গ প্রভুকে তল্লাস করিতে লাগিলেন। তল্লাস করিতে গিয়া প্রায় যাহা হইয়া থাকে তাহাই হইল, তিনি বান্ধা পড়িলেন। প্রভু পাণ্ডুপুর বা পাণ্ডারপুর গেলেন। এ অতি পবিত্র স্থান, ভীমা নদীর ধারে,—

যাহাকে ঐ দেশীয় লোকে গঙ্গা বলেন। এখানে অনেক সন্ন্যাসীর বাস ও আসা-যাওয়া আছে। এখানে তুকারামের বাস ছিল। ইনি মহারাষ্ট্রীয় দেশ ভক্তিতে প্লাবিত করেন। এখন এই তুকারামের কাহিনী শ্রবণ করুন। বহুদিন হইল যখন আমি পুনা নগরে গমন করি, তখন কথায় কথায় এক ভদ্র-মজলিসে শ্রীগৌরাঙ্গের নাম করিয়াছিলাম। তাহাতে বম্বে প্রদেশের অতি প্রধান পণ্ডিত ও বুদ্ধিমান শ্রীযুক্ত মহাদেব রাণাডে বিদ্রূপ করিয়া বলিলেন, "তোমাদের যেমন চৈতন্য আছেন, আমাদেরও তেমনি তুকারাম আছেন। সকলেই আপন আপন দ্রব্য বড় দেখে। তুকারামের মাহাত্ম্যের কথা যদি তুমি জানিতে, তবে আর তোমার চৈতন্যকে বড় বলিতে না।"

তুকারামের কথা আমি সেই প্রথম শুনিলাম এবং অনুসন্ধান করিয়া জানিলাম যে, তিনি অতি নীচ জাতীয়, এবং সাতারা ও পুনার নিকট ভীমানদীর তীরস্থ পাণ্ডুপুরবাসী ছিলেন। তিনি রাধাকৃষ্ণের ভক্ত ছিলেন। সেখানে বিট্‌ঠলদেব নামক শ্রীকৃষ্ণের এক মূর্ত্তি আছে, তাঁহাকে পূজা করিতেন। তাঁহার প্রেম অকথ্য, আর শিষ্য অগণন। তিনি বিট্‌ঠলদেবের সম্মুখে গীত গাহিতেন ও নৃত্য করিতেন। তিনি যেমন গীত গাহিতেন, অমনি তাঁহার ভক্তগণ উহা লিপিবদ্ধ করিতেন। উহা ক্রমে তুকারামের আভঙ্গ বলিয়া একখানি বৃহৎ গ্রন্থ হয়। আরও শুনিলাম, তুকারাম ভজন করিতে করিতে সশরীরে রথে আরোহণ করিয়া সর্ব্বসমক্ষে বৈকুণ্ঠে আরোহণ করেন। অদ্যাপি পুনা-দেশের পণ্ডিতগণ ব্যতীত, অপর প্রায় সকলেই তাঁহার শিষ্য। ইহার কয়েক বৎসর পরে ভারতবিখ্যাত পণ্ডিত বিশ্বনাথ নারায়ণ মণ্ডলিক আমার সহিত দেখা করিতে আইসেন। তাঁহার নিকট আমি তুকারামের কথা জিজ্ঞাসা করিলাম। পণ্ডিত বিশ্বনাথ ইংরেজী ও সংস্কৃতে পরম পণ্ডিত। তিনি

তণ্ডুল ও ঘৃত চাহিয়া থাকিবেন। আর সেই ভৃত্য হয়ত বলিয়া থাকিবেন যে, প্রভুর নাম, "কৃষ্ণচৈতন্য"। কিন্তু প্রভু যখন তুকারামকে স্পর্শ করিয়া কর্ণে মন্ত্র দিলেন, তখন তিনি অচেতন হইয়া পড়িলেন। ভৃত্যের কাছে শুনিলেন, প্রভুর নাম কৃষ্ণচৈতন্য, আর প্রভুর মুখে "রাম-রাঘব কৃষ্ণকেশব" শ্লোক শুনিলেন। ইহাতে তিনি বাবাজীর নাম,—হয় 'কেশবচৈতন্য', নয় 'রাঘবচৈতন্য' এইরূপ কিছু হইবে সাব্যস্ত করিলেন। বস্তুত এক সন্ন্যাসীর দুই নাম হইতে পারে না। কাজেই তুকারাম অচেতনাবস্থায় যাহা শুনিয়াছিলেন, তাহাতে সাব্যস্ত করিলেন যে তাঁহার প্রভুর নাম, হয় রাঘবচৈতন্য, নয় কেশবচৈতন্য হইবে। বিশেষতঃ সাধুগণের "বাবাজী" আখ্যা কেবল বাংলায় প্রচলিত আছে, আর কোথায়ও নাই।

আর একটু বিস্তার করিয়া বলি। তুকা বলিতেছেন যে, "গুরুর সহিত পথে দেখা হয়। দেখা হইলে তিনি আমার মাথায় হাত দিয়া আশীর্ব্বাদ করেন, তাহাতেই আমি অচেতন হই।" এ গুরু কে? এ শক্তি একমাত্র মহাপ্রভুই জগতে দেখাইয়া গিয়াছেন। গুরুর কাছে তুকা কি তত্ত্ব শিখিলেন? শিখিলেন, 'ব্রজের নিগূঢ় রস, যাহা জগতে পূর্ব্বে ছিল না।' বৈষ্ণবগণের মধ্যে শ্রীরামানুজ প্রভৃতি চারি সম্প্রদায় আছে। এই রস অপর কোন সম্প্রদায়ে নাই; কেবল আছে, মহাপ্রভু-সম্প্রদায়ে। সুতরাং তাঁহার গুরু,—"হয় মহাপ্রভু স্বয়ং, না হয় তাঁহার কোন ভক্ত।" কিন্তু তিনি কে? তুকারাম বলিতেছেন, "তাঁহাকে চিনি না, একবার মাত্র দেখিয়াছিলাম, দেখিয়াই অচেতন হই। এমন কি, তিনি যে চাউল আর ঘৃত চাহেন তাহাও দিতে পারি নাই।" তখন তাঁহাকে বলিলাম, "একটু ঠাহুরিয়া দেখ দেখি, তিনি কে বলিতে পার কি না?" তুকারাম বলিলেন,—"তিনি আমাকে তিনটী নাম দেন,—কৃষ্ণ

হরি ও রাম।" [এ তিনটি নাম মহাপ্রভুর বহিরঙ্গের পক্ষে মূলমন্ত্র, ইহাতে মনে হয় তাঁহার গুরু শ্রীমহাপ্রভু স্বয়ং।] তখন জিজ্ঞাসা করিলাম, "আর কিছু কি মনে পড়ে?" তিনি বলিলেন, "তাঁহার নাম শুনিলাম যেন কি চৈতন্য,—হয় কেশবচৈতন্য, কি রাঘবচৈতন্য।"

[মহাপ্রভুর নাম কৃষ্ণচৈতন্য, সুতরাং নাম শুনিলেও বোধ হয় যে, তুকারামের গুরু আর কেহ নহেন,—মহাপ্রভু স্বয়ং। তাহা যদি না হইবে তবে তুকা "কেশব," "রাঘব" এ কথা কোথা পাইলেন? তাহার উত্তর এই যে, মহাপ্রভু "কৃষ্ণকেশব পাহিমাং" "রামরাঘব রক্ষমাং" বলিতে বলিতে পথে যাইতেন।]

তাহার পর তুকা বলিলেন,—যেন তাঁহার আর এক নাম শুনিলাম, "বাবাজী"।

[এই বাবাজী শব্দ কেবল বাংলায় প্রচলিত,—বৈষ্ণব ভক্তগণকে বুঝায়। সুতরাং তুকারামের এই গুরু যে বাঙ্গালী, তাহাতে সন্দেহ নাই।]

তখন প্রশ্ন হইল,—"ভাল তোমরা কোন্ সম্প্রদায়ের বৈষ্ণব?" তুকারাম বলিলেন, "আমরা চৈতন্য-সম্প্রদায়ের।"

এখন দেখুন জগতে চৈতন্য এক বই দুইজন নাই। আমরা দেখিতেছি যে, মহাপ্রভু সেই সময় এই পাণ্ডারপুর গিয়াছিলেন। আমরা আরও দেখিতেছি যে, তিনি এইরূপে "আচার্য্য" সৃষ্টি করিতে করিতে যাইতেছিলেন।

কেহ কেহ বলেন যে, তুকা মহাপ্রভুর পরে প্রকাশ হয়েন, খুব সম্ভব ইহা ভুল। আর যদি ভুল না হয়, তবে তুকার সেই গুরু যে প্রভুর কোন ভক্ত, তাহাতে সন্দেহ নাই। তাহা না হইলে তুকা চৈতন্যসম্প্রদায়ভুক্ত হইতেন না। তুকারাম দিবানিশি প্রেমানন্দে মত্ত থাকিতেন, আর

একটী কথা বলিয়া যাইতেন, সেটী এই,—"অহংব্রহ্মোঽস্মি।" তিন দিনের মধ্যে কেবলমাত্র কয়েকবার প্রভুর কৃপাদৃষ্টি লাভ করিয়া ও শ্রীমুখের হরিনাম শ্রবণ করিয়া, চতুর্থ দিবস প্রাতঃকালে তাঁহার পূর্ব্বকার যে বাক্য "অহং ব্রহ্মোঽস্মি" উহা পরিত্যাগপূর্ব্বক জোড়হস্তে ক্রন্দন করিয়া, "তত্ত্বমসি" "তত্ত্বমসি" বলিতে বলিতে প্রভুর শ্রীপাদপদ্মে শরণাপন্ন হইলেন। প্রভু তাঁহাকে কৃপা করিয়া শ্রীবৃন্দাবন যাইতে আজ্ঞা দিয়া অন্যত্র চলিয়া গেলেন। পণ্ডিতও প্রভুর বিরহে কাতর হইয়া শ্রীবৃন্দাবনে আসিলেন এবং তথায় শ্রীমদ্রঘুনাথ ভট্ট গোস্বামীর আশ্রমে রহিলেন। অদ্যাপি তাঁহার বংশধরগণ পশ্চিমোত্তর প্রদেশের নানাস্থানে শ্রীশ্রীমহাপ্রভুর দোহাই দিয়া জীবোদ্ধার করিতেছেন।"

এইরূপ জীবোদ্ধার পদ্ধতি দেখিলেই প্রভুর কথা মনে পড়ে। প্রকৃতই এই কাহিনী তুকারামের কাহিনীর সহিত অনেক ঐক্য। তুকারামের গণ দক্ষিণে, আর থানেশ্বরী-জগন্নাথের গণ উত্তরে। তুকারামের গণেরা বলেন, তাঁহারা চৈতন্য-সম্প্রদায়। জগন্নাথের গণেরাও তাহাই বলেন। তুকারামকে প্রভু অন্যের অগোচরে কৃপা করেন, জগন্নাথকেও তাহাই করেন। ফল কথা, আবার বলি, ঐ কৃপা-পদ্ধতি দেখিলে বোধ হয় যে ইহা মহাপ্রভুর কাণ্ড। তবে প্রভু যে থানেশ্বর গিয়াছিলেন কোন গ্রন্থে তাহার প্রমাণ নাই। হয়ত ইহা হইতে পারে, জগন্নাথকে (তাঁহার নিজগ্রামে নয়,) বৃন্দাবনের পথে কোন স্থানে কৃপা করিয়া থাকিবেন।

প্রভু যুবতী ভার্য্যা ও বৃদ্ধা মাতা ছাড়িয়া শ্রীভগবানের পদ পরিত্যাগ করিয়া কৌপীন পরিয়া রাজরাজেশ্বরের সেবা ছাড়িয়া এখন দক্ষিণদেশে হাঁটিয়া চলিয়াছেন। উপবাসে, অনিদ্রায়, পথশ্রান্তে তাঁহার দেহ জীর্ণ শীর্ণ হইয়াছে। যখন দক্ষিণে গমন করেন, তখন ভক্তগণ জিজ্ঞাসা করেন, সেখানে কেন যাইতেছেন? প্রভু বলিলেন, "আমার দাদার তল্লাসে।"

ধূসরিত, উপবাসে শরীর শীর্ণ। আবার তাঁহার সৌন্দর্য্য অমানুষিক, তাঁহাকে দেখিলে লোকের মনে কারুণ্যরসের উদয় হয়, নয়নে জল আইসে, আর এই গোলোকের বস্তুটীকে কুসুমাসনে যত্নপূর্ব্বক বসাইয়া সেবা করিতে ইচ্ছা হয়। কিন্তু ইঁহার অবস্থা অতি শোচনীয়, দেখিলে হৃদয় বিদীর্ণ হয়। প্রভু নয়ন মুদিয়া বসিয়া আছেন, আর আপনার মনে কৃষ্ণের সহিত কথা বলিতেছেন, "কৃষ্ণ, দেখা দাও, আমি বাঁচি না। আমি কোথায় গেলে তোমায় পাব ?…" প্রভুর সেই আবেগপূর্ণ কথা শুনিয়া ও তাঁহার সেই ভাব দেখিয়া পণ্ডিতগণের হৃদয় বিদীর্ণ হইতেছে, এই সময় হঠাৎ একজন বলিয়া উঠিলেন, "সন্ন্যাসী ঠাকুর! তুমি কেন ব্যাকুল হইতেছ ? তোমার কৃষ্ণ এই জলে লুকাইয়া আছেন।" "এই বাণী শুনি প্রভু চমকি উঠিল। লোমাঞ্চিত কলেবরে উঠে দাঁড়াইল॥ এমন অশ্রুর বেগ কভু দেখি নাই।"

তখন প্রভু এরূপ করুণ-কণ্ঠে কান্দিতে লাগিলেন যে, উপস্থিত সকলেরই হৃদয় বিদীর্ণ হইতে লাগিল। সেই পণ্ডিত আবার ঐ কথা বলিলেন, "সন্ন্যাসী ঠাকুর, কেন কান্দ, তোমার কৃষ্ণ এই সরোবরেই আছেন।" এবার প্রভু আর ধৈর্য্য ধরিতে পারিলেন না, হুহুঙ্কার করিয়া জলে ঝাঁপ দিলেন।

লোকে তখন প্রভুর ভাব দেখিয়া এত আকৃষ্ট হইয়াছেন যে, তাঁহার জলে ঝাঁপ যে তাঁহার মনোগত কার্য্য, কাচপনা নয়, তাহা সকলে বুঝিলেন। কাজেই বহুতর লোক সেই সঙ্গে জলে ঝাঁপ দিলেন ; এবং প্রভুকে উঠাইয়া সকলে সেই পণ্ডিতকে ভর্ৎসনা করিতে লাগিলেন। প্রভু তখন চেতনা পাইয়াছেন। সেখান হইতে প্রভু ভোলেশ্বর গেলেন। প্রকাণ্ড পর্ব্বতের উপরে এক মন্দির, তাহার মধ্যে মহাদেব। সেখান হইতে দেবলেশ্বরে এবং তথা হইতে জিজুরিনগরে খাণ্ডবাকে দর্শন

প্রবেশ করিতে না পারে। এই জন্য প্রহরী নিযুক্ত আছে। তাহারা প্রভুকে দেখিল, দেখিয়া নিকটে আসিল। সেই সঙ্গে আরও দুই এক জন আসিল। তাহারা আসিয়া প্রভুকে সেখানে আসিবার কারণ জিজ্ঞাসা করিল। উত্তর না পাইয়া বলিল যে, তিনি সেখানে বসিতে পারিবেন না। তাহাদের সর্দ্দারের নিকট তাঁহার যাইতে হইবে। প্রভু মাথা নাড়িয়া যাইতে অস্বীকার করিলেন। কিন্তু প্রহরীরা জিদ্ করিতে লাগিল, ইচ্ছা যেন বলপূর্ব্বক ধরিয়া লইয়া যাইবে। কিন্তু প্রভুকে যে জোর করিয়া লইয়া যাইবে, সে সাহসও হইতেছে না, কারণ প্রভুকে দেখিয়াই তাহাদের একটু নরম হইতে হইয়াছে। পরে তাহারা অভ্যন্তরে যাইয়া সর্দ্দারকে সংবাদ দিল,—সর্দ্দারের নাম নারোজী। সে অতিশয় বলবান, ভারি যোদ্ধা, বয়ঃক্রম ৬০ বৎসর, কিন্তু দেখিতে তাহা অপেক্ষা অনেক কম। সর্দ্দার একটী সন্ন্যাসী আগমনের কথা শুনিয়া দৌড়িয়া আসিল, এবং প্রভুকে দেখিয়া স্তম্ভিত হইয়া দাঁড়াইল। দেখিল, পঁচিশ ছাব্বিশ বৎসরের যুবক। তাঁহার বর্ণ কাঁচা-সোনার ন্যায়, অঙ্গ দিয়া লাবণ্য চোঁয়াইয়া পড়িতেছে, বদন সুন্দর, নির্ম্মল ও চিত্তাকর্ষক। নারোজীর যাহা কখন হয় নাই, এখন তাহাই হইল,—অর্থাৎ হৃদয়ে ভক্তির উদয় হইল। তখন সে সাষ্টাঙ্গে প্রভুকে প্রণাম করিল, এবং তাহার দেখাদেখি সমুদয় দস্যুগণ তাহাই করিল।

প্রভু হাঁ না কিছু না বলিয়া নয়ন মুদিয়া বসিয়া আছেন। তখন নারোজী করযোড়ে ধীরে ধীরে বলিল, "আপনি আমার সঙ্গে ভিতরে আসুন, আপনার সেবা করিব।" প্রভু উত্তর করিলেন যে, তিনি কোথাও যাইবেন না, এই বৃক্ষতলেই থাকিবেন। দস্যুপতির ইহাতে ক্রোধ করা উচিত ছিল, কারণ তাহার আজ্ঞা লঙ্ঘন করিতে কেহ যে পারে, ইহা তাহার জানা ছিল না। কিন্তু সে ক্রোধ করিল না, অনুচরগণকে গোঁসাইর

নিমিত্ত দুধ আটা চিনি ইত্যাদি আনিতে বলিল। অনুচরগণ ইহাতে অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইল। তাহাদের কর্ত্তার কাহাকেও এরূপ আদর করা অভ্যাস ছিল না, স্থতরাং তাহারা নানা জনে নানারূপ আহারীয় দ্রব্য আনিয়া উপস্থিত করিল। প্রভু তখন নয়ন মুদিয়া আছেন, আর নারোজী স্থিরনেত্রে তাঁহার চন্দ্রবদন দেখিতেছেন। যত দেখিতেছেন ততই বিচলিত হইতেছেন। ক্রমে তাঁহার বাহ্জ্ঞান প্রায় গেল। তখন মনের ভাব আর গোপন করিতে পারিতেছেন না, যাহা মনে আসিতেছে তাহাই বলিতে লাগিলেন। বলিতেছেন, "কত পাপ করিয়াছি! কেন পাপ করিয়াছি? লোকের দ্রব্য অপহরণ করিয়াছি, কত মনুষ্য এই হস্তে বধ করিয়াছি, কেন? স্ত্রী-পুত্রের নিমিত্ত? আমার ত স্ত্রী-পুত্র নাই। আপনার উদরের জন্য? আমি ব্রাহ্মণের ছেলে, ভিক্ষা করিয়া দুটা অন্ন সংগ্রহ করিতে পারিতাম। পাপ করিয়া করিয়া জীবন কাটাইলাম, এখন দণ্ড লইবার সময় হইয়াছে। আমি এই যে দণ্ড পাইতে আরম্ভ করিয়াছি, প্রাণের মধ্যে জলিয়া উঠিতেছে।" আর একি বিপদ? আমার হৃদয়ে দয়ামায়া নাই। কিন্তু—সন্ন্যাসী দেখিয়া আমার প্রাণ কান্দে কেন?"

প্রভু নয়ন মুদিয়া আছেন, পরে উহা হইতে দরদরিত ধারা পড়িতে লাগিল। ক্রমে প্রভু বিহ্বল হইলেন, এবং উঠিয়া নৃত্য করিতে লাগিলেন। চতুর্দ্দিকে আহারীয় দ্রব্য সাজান রহিয়াছে, প্রভু তাহার মধ্যস্থানে অচেতন হইয়া নৃত্য আরম্ভ করিলেন। তাহাতে জিনিশ সব নষ্ট হইতে লাগিল। তদ্ যথা—

"দুই চারি জন বলে কেমন সন্ন্যাসী।
ইচ্ছা করি নষ্ট করে খাদ্যদ্রব্যরাশি॥"

লইয়াছেন; তাহার পরে তাহার যে যাইবার সময় হইয়া আসিয়াছে, তাহাও প্রভু অবশ্য জানিতেন। নারোজী প্রভুর নানা সেবা করিতে করিতে যাইতেছেন, যথা—পাদসম্বাহন, বায়ুবীজন, মূর্চ্ছার সময় সন্তর্পণ ইত্যাদি।

বরদায় গোবিন্দের মন্দিরের সম্মুখে নারোজীর জ্বর হইল, এবং তিন দিন পরে—"জ্বররোগে নারোজীর মরণ ঘটিল ॥

মৃত্যুকালে সম্মুখে বসিয়া গোরারায়। পদ্ম হস্ত বুলাইলা নারোজীর গায় ॥-
নারোজী মরণকালে জোড়-হাত করি। চাহিয়া প্রভুর পানে বলে হরি-হরি ॥
যেই কালে নারোজী নয়ন মুদিল। আপনি শ্রীমুখে কর্ণে কৃষ্ণনাম দিল ॥
নারোজীরে কোলে করি প্রভু বিশ্বম্ভর. তমালের তল হৈতে করে স্থানান্তর ॥"

আপনারা এখন বলুন—মৃত্যুর পরে নারোজীর কি গতি হইল? যদি কেহ অন্যের এক কপর্দ্দক হরণ করে, তবে সে দণ্ডার্হ হয়। নারোজী বহুতর লোকের সর্ব্বস্বান্ত করিয়াছেন। যদি কেহ কাহাকে অকারণে আঘাত করে, তবে সে দণ্ডনীয় হয়। নারোজী বহু লোকের প্রাণবধ করিয়াছেন। অতএব নারোজীর কি গতি হইল? এ প্রশ্ন জিজ্ঞাসা করার তাৎপর্য্য শ্রবণ করুন।

যাঁহারা মহাজ্ঞানী, তাঁহারা বলেন যে, কর্ম্মফল ভোগ করিতেই হইবে, তাহা হইতে কাহারও অব্যাহতি পাইবার যো নেই। অর্থাৎ তুমি তোমার ভালমন্দের কর্ত্তা। তুমি যদি ইচ্ছা কর তবে ভাল ফল আহরণ করিতে পারিবে, কিম্বা যদি ইচ্ছা কর আপনার সর্ব্বনাশ করিতে পারিবে। তাহা যদি হইল, তবে ভগবান কোথা থাকিলেন? বরং লোকে ভগবান্‌কে অবহেলা করিয়া বলিবে,—"আমি যদি ভাল হই, তবে তুমি ভগবান্ ক্রোধ করিয়াও কিছু করিতে পারিবে না। আর যদি মন্দ হই, তবে তুমি ভগবান্ আমাকে রক্ষা করিতেও পারিবে না।" তাহা যদি হইল,

তবে ভগবানকে উপাসনা কেন করিব? এই সমুদয় জ্ঞানীলোক প্রকারান্তরে বলেন যে, আমাদের কর্ত্তা অপর কেহ নাই, আমাদের কর্ম্মই আমাদের কর্ত্তা। সুতরাং ভগবদ্‌ভজনের প্রয়োজন নাই। যাঁহারা ভক্ত তাঁহারা বলেন,—"শ্রীভগবানের আশ্রয় লইলে তিনি কর্ম্ম ধ্বংস করেন।" ইহার মধ্যে কোন্‌টা ঠিক? এই তত্ত্ব নারোজীর জীবনী হইতে মীমাংসা হইবে।

নারোজী ঠাকুরের ভাব দেখুন। ঠাকুর হরিদাস চিরজীবন কঠোর ভজন করিয়া আসিয়াছেন, এবং তাঁহার হত্যাকারীদের মঙ্গল প্রার্থনা করিয়া আসিয়াছেন। আর নারোজী ঠাকুর চিরদিন অর্থের নিমিত্ত মনুষ্য বধ করিয়া আসিয়াছেন। হরিদাসের দেহ লইয়া প্রভু নৃত্য করিয়াছিলেন বটে, কিন্তু সে দেহটী তখন মৃত। আর নারোজী জীবিত থাকিতেই প্রভু তাঁহার দেহ কোলে লইলেন, তাঁহার গাত্রে পদ্মহস্ত বুলাইলেন, আর তাঁহার কর্ণে কৃষ্ণনাম দিলেন। প্রভুর দয়া ও শক্তি প্রবোধানন্দ এই শ্লোকে বর্ণনা করিয়াছেন। যথা—

"ধর্ম্মাস্পৃষ্টঃ সততপরাবিষ্ট এবাত্যধর্ম্মে
দৃষ্টিং প্রাপ্তো নহি খলু সতাং স্বষ্টিষু কাপি নো সন্।
যদ্দত্তং শ্রীহরিরসসুধাস্বাদুমত্তঃ প্রনৃত্য
তুচ্চৈর্গায়ত্যথ বিলুঠতি স্তৌমি তং কঞ্চিদীশং॥"

অর্থাৎ—"যে ব্যক্তিকে ধর্ম্ম কখন স্পর্শ করে নাই, যে সর্ব্বদা অধর্ম্মে আবিষ্ট, যে কখনও পাপপুঞ্জ-নাশক সাধুজনের দৃষ্টিপথে ও সজ্জন-রচিত স্থানে গমন করে নাই, সেই ব্যক্তিও বদ্দত্ত শ্রীরাধাকৃষ্ণের প্রেমরস-সুধার আস্বাদনে মত্ত হইয়া নৃত্য, গীত ও ভূমিতে বিলুণ্ঠন করে, সেই গৌরাঙ্গদেবকে নমস্কার।"

প্রভু জগাই-মাধাইকে নিমেষ মধ্যে জীবাধম হইতে ভক্তশিরোমণি

এই কথা কানাকানি করে ঘোগাবাসী ॥
হরি হরি বলিতে আনন্দ-ধারা বহে।
পুতুলের প্রায় সবে দাণ্ডাইয়া রহে ॥
"কোথায় প্রাণের কৃষ্ণ" এই বলি ডাকে।
কখন বা হাত তুলি উর্দ্ধমুখে থাকে ॥
একবার ঐ যে বলি ধাইয়া চলিলা।
বাহু পসারিয়া নিম্বে জড়ায়ে ধরিলা ॥
শ্রীকৃষ্ণের প্রেমে মত্ত হইল নিমাই।
এমন উন্মাদ মুঞি কভু দেখি নাই ॥
প্রকাণ্ড এক গর্ত্ত সড়কের ধারে।
আবেশে গড়ায়ে পড়ে তাহার ভিতরে ॥

বারমুখী আপনার রূপ দেখাইয়া অন্যকে বরাবর মুগ্ধ করিয়া আসিয়াছে। এখন প্রভু আপনার রূপ দেখাইয়া তাহাকে মুগ্ধ করিতেছেন,—দেহের রূপ নয়, ভিতরের রূপ। বারমুখীর তখন এরূপ হইয়াছে যে, প্রভুর চরণে আসিয়া পড়ে আর কি,—কিন্তু ভয় করিতেছে। ভাবিতেছে, প্রভু তাহার উপর কৃপা কেন করিবেন? সে না নগরের অথবা জাতের মধ্যে সর্ব্বাপেক্ষা অধম? বারমুখীর সেই ভ্রম প্রভুর ঘুচাইতে হইতেছে। ভ্রম এই যে,—সে অতি অধম সেই নিমিত্ত কৃপা পাইবার অনুপযুক্ত। এইরূপে প্রভু তাহার ভ্রম ঘুচাইলেন।

বালাজী বলিয়া একজন ব্রাহ্মণ সেখানে ছিল, প্রভুর উপর তাহার ক্রোধ হইয়াছে। কেন হইয়াছে, তাহা নিরাকরণ করা কঠিন, তবে ভালর প্রতি মন্দের চিরকাল ঐরূপ শত্রুতা। প্রভু যত উন্মত্ত হইতেছেন, তাঁহার প্রতি বালাজীর দ্বেষ তত বৃদ্ধি পাইতেছে। শেষে আর থাকিতে না পারিয়া প্রভুর সম্মুখে আসিয়া তাঁহাকে গালি দিতে লাগিল।

বলিতেছে,—"তুই ভণ্ড, তোর ভণ্ডামি ভাঙ্গিতেছি, এখানে ভণ্ডামি চলিবে না···।" কেন যে ভণ্ডামি চলিবে না, তাহা আর বালাজী খুলিয়া বলিল না। বোধহয় মনের ভাব এই যে, আমি বালাজী যেখানে আছি, সেখানে অন্যলোকে ভণ্ডামি করিয়া কি করে উহা জীর্ণ করিবে? শেষে প্রভুকে মারিবে এইরূপ ভাব প্রকাশ করিতে লাগিল, তাহার উদ্যোগও করিল। অবশ্য বালাজী ভাবিতেছে যে, এ তাহার স্থান, আর সন্ন্যাসী বিদেশী, তাহার বলে সন্ন্যাসী পারিবে কেন? কিন্তু বলপ্রয়োগ করিতে গিয়া বালাজী একটু ফাঁপরে পড়িল। কারণ সকলে হাহাকার করিয়া, তাহাকেই আক্রমণ করিল। ইহাতে প্রভুর বাহ্য হইল। কাজেই তিনি বালাজীর পক্ষ হইলেন। তাহাকে বলিতে লাগিলেন, "ছি! এ সমস্ত প্রবৃত্তি কেন পোষণ করিতেছ? উহা পোষণ করিয়া তোমার লাভ কি? এসো তোমাকে পরম-ধন দিতেছি।" ইহাই বলিয়া প্রভু তাহাকে বাৎসল্যভাবে উপদেশ দিতে লাগিলেন। তখন বালাজী দ্বিরুক্তি করিতে পারিল না, গ্রহগ্রস্তের ন্যায় শুনিতে লাগিল। যেহেতু প্রভু তখন তাহার স্বাতন্ত্র্য হরণ করিয়াছেন। তাহার পরে তাহার কর্ণে হরিনাম দিলেন, অমনি বালাজী শক্তি পাইয়া বিহ্বল হইয়া পড়িয়া গেল। বালাজীর উদ্ধার কার্য্য সমাধা হইল। কেন না সে অহেতুক প্রভুকে প্রহার করিতে গিয়াছিল। বোধহয় প্রভুর ইচ্ছাক্রমেই বালাজীর ঘাড়ে দুষ্ট-স্বরস্বতী আশ্রয় করেন। প্রভু বালাজীকে দেখাইলেন যে, ভগবানের দয়া মনুষ্যের দয়ার জাতীয় নয়—সে আর এক প্রকার, অনেক বড়। বালাজীর উদ্ধার দেখিয়া বারমুখী আশ্বাসিত হইল। তখন আপনার গণকে এই কথা বলিল যে, আমি উদাসিনী হইব, ঠাকুরের আশ্রয় লইব, সেই নিমিত্ত যাইতেছি। তাহারা তাহার মুখ দেখিয়া বুঝিল যে, বারমুখীর সঙ্কল্প দৃঢ়। তাহারা রোদন করিতে লাগিল। বারমুখী

সন্ন্যাসী, টাকা কোথা পাব?" ইহাতে গোবিন্দচরণ দুটি মুদ্রা দিলেন। এই পাণ্ডার উৎপাতে আমাদের দেবস্থানগুলির দশা এইরূপ হইয়াছে। সেখান হইতে জুনাগড়ে গেলেন। দেখিলেন, ইহা একটি খুব বড় সহর। সেখানকার ঠাকুর রণছোড়জী। সেখানে গির্ণার পাহাড়ে শ্রীকৃষ্ণের শ্রীচরণচিহ্ন আছে, তাহাই দেখিতে প্রভু পাহাড়ে উঠিলেন। পথে দেখেন দ্বাদশ জন সন্ন্যাসী দুঃখ-মনে বসিয়া আছেন। তাহার কারণ, তাঁহাদের বৃদ্ধ-গুরু ভার্গদেব পীড়িত। প্রভু অমনি যাইতে নিরস্ত হইলেন, হইয়া ভার্গদেবকে রোগমুক্ত করিলেন। তাহাতে—

"রোগ হইতে ভার্গদেব পেয়ে অব্যাহতি।
প্রভুর চরণে করে অসংখ্য প্রণতি॥

ভার্গদেব বলিতেছেন, আমি বৃদ্ধ হইয়াছি। তাহাতেই আমার চক্ষুরোগ হইয়াছে বোধহয়। কারণ আমি ত তোমাকে কৃষ্ণবর্ণ দেখিতেছি। প্রভু ইহা শুনিয়া জিভ কাটিলেন। তাহাতে ভার্গব স্পষ্টাক্ষরে বলিতেছেন, "আমি তোমায় চিনেছি। কার কাছে ফাঁকি দেহ নবীন সন্ন্যাসী?" প্রভু তাঁহাকে নয়ন-ভঙ্গিতে কি বলিলেন। যথা—

"কি কহিলা ভার্গদেবে প্রভু আঁখি ঠারি।
অমনি তাহার চক্ষে বহে অশ্রুবারি॥"

পরে সকলে মিলিয়া গির্ণার পাহাড়ে শ্রীপাদপদ্ম দর্শন করিলেন। সেখানে প্রভু অকথ্য প্রেম-তরঙ্গ উঠাইলেন। তখন রামানন্দ ও গোবিন্দ দুইজন প্রভুর চরণে অজ্ঞান হইয়া পড়িলেন। তাঁহারা ভদ্রানদী-তীরে রজনী কাটাইলেন। সম্মুখে ধরিধরঝারি নামক বিখ্যাত জঙ্গল। এখানে অদ্যাপি সিংহ পাওয়া যায়। এই জঙ্গল পার হইতে সাত দিন লাগিয়াছিল। কিন্তু তখন তাঁহারা ষোলজন। বোধহয় এই বন পার হইতে প্রভুর সাহায্য করিতে হইবে বলিয়া ভার্গদেব পীড়িত হইয়া পড়েন। স্খুঁড়ি

আপনারা জানেন। এখন দ্বারকায় সেই প্রকার লীলা আরম্ভ হইল। প্রভু সেখানে এক পক্ষ ছিলেন, দ্বারকানগর একেবারে উন্মত্ত হইল। যথা—

"ধর্ম্মের ভারেতে পুরী করে টলমল।
সকলের চিত্ত যেন হইল নির্ম্মল॥
মন্দ মন্দ বায়ু সদা বহিতে লাগিল।
পুষ্প গন্ধে সব বাড়ী যেন আমোদিল॥
যেইখানে মরুক্ষেত্র, কিছুমাত্র নাই।
সেখানে বহাল নদী চৈতন্য গোঁসাই॥
সমস্ত দেশের মধ্যে পাপী না রহিল।"

পাণ্ডাগণ প্রভুর আগমন উপলক্ষে একদিন মহোৎসব করিলেন, সকলের নিমন্ত্রণ, প্রভু নিজে এক ভার লইলেন, যথা—

"পঙ্গুদের মধ্যে গিয়া গোরামণি।
প্রসাদ বণ্টন প্রভু করেন আপনি॥"

দ্বারকা দেখা হইল। তাহার ওদিকে আর তীর্থস্থান নাই। অমনি প্রভু বলিলেন,—"চল নীলাচলে যাই।" দ্বারকা ত্যাগ করিবার সময় বহুলোক প্রভুর পশ্চাৎ পশ্চাৎ আসিতে লাগিল। তাহাদিগকে বিদায় দিয়া, পুনরায় বরদায় আসিলেন। আর সেখান হইতে চলিয়া আসিয়া, বোল দিনে নর্ম্মদায় স্নান করিলেন, সেখানে প্রভু ভার্গদেবকে বিদায় দিয়া, নর্ম্মদার ধারে ধারে চলিলেন। প্রভুর দক্ষিণভ্রমণ সম্পূর্ণ হইয়া আসিতেছে, এখন আমরা অবশিষ্ট লীলাগুলি সংক্ষেপে বর্ণনা করিব।

দেহদ বা ধীনগর হইয়া তাঁহারা কুক্ষী আসিলেন। এখানে অনেক বৈষ্ণবের বাস। এখানে এক দরিদ্র ব্রাহ্মণের লক্ষ্মী-নারায়ণের সেবা আছে। প্রভু সেখানে উপস্থিত হইলেন। ইহাতে ব্রাহ্মণ অতি কাতর হইয়া বলিলেন, "আমি দরিদ্র, আতিথ্য করিবার শক্তি আমার নাই।"

যেইক্ষণে চারিচক্ষে হইল মিলন।
অমনি তপস্বীবর হাসিল তখন ॥"

তপস্বীর সঙ্গে প্রভুর যে কি কথা হইল, তাহা গোবিন্দ বুঝিতে পারিলেন না। সেখান হইতে সকলে মণ্ডলনগরে গেলেন, ও তথা হইতে দেবঘর নগরে যাইয়া আদিনারায়ণের কুষ্ঠ আরাম করিলেন। আদিনারায়ণ একজন ধনী বণিক, অথচ পরমবৈষ্ণব,—কিন্তু কুষ্ঠরোগগ্রস্ত, সর্ব্বদা অসুখী। প্রভু গ্রামের বাহিরে এক বটতলায় বসিলেন। সেখানে ভোগকার্য্য সমাধা করিলেন। তাহার পরে কীর্ত্তন আরম্ভ হইল। কাজেই লোককলরব হইল, সেই সঙ্গে আদিনারায়ণও আসিলেন। তিনি আসিয়া "নিস্তার কর প্রভু" বলিয়া কান্দিতে লাগিলেন। প্রভু তাঁহাকে তাঁহার ভোগের কিঞ্চিৎ প্রসাদ ছিল, তাহা গ্রহণ করিতে দিলেন।

"ভক্তিসহ প্রসাদ করিয়া উপভোগ।
তখনি তাঁহার দূর হৈল কুষ্ঠরোগ ॥"

তখন বহু রোগী আসিবে এই ভয়ে প্রভু সেখান হইতে পলায়ন করিলেন। আদিনারায়ণ সঙ্গে সঙ্গে চলিলেন, কিন্তু প্রভু তাঁহাকে সংসার ত্যাগ করিবার আজ্ঞা দিয়া ফিরাইয়া দিলেন।

তাহার পরে শিবানী ( শিউনি ) নগর, মালয় পর্ব্বত, চণ্ডীপুর, রায়পুর অতিক্রম করিয়া পরিশেষে প্রভু বিদ্যানগরে রামানন্দের বাড়ী আসিলেন। এতদিন পরে প্রভু নিজ ভক্তগণের মধ্যে উপস্থিত হইলেন। তখন দুইজনে গলাগলি হইয়া রোদন করিতে লাগিলেন। প্রভু বলিলেন, "রামরায় আমার সঙ্গে চল, দুইজনে কৃষ্ণকথার সুখে দিন কাটাইব। রামরায় একটি রাজ্যে রাজত্ব করিতেছেন। তিনি যখন স্নান করিতে যান, তখন বাদ্য বাজাইয়া সঙ্গে সহস্র লোক যায়। তিনি ইহা ফেলিয়া কুটিরে বসিয়া কৃষ্ণকথা কহিতে কেন যাইবেন? কিন্তু রামরায় তাহা

ভাবিলেন না, প্রভুর আজ্ঞায় আপনাকে কৃতকৃতার্থ মানিলেন। শেষে বলিলেন, "আপনাকে দর্শন করা অবধি এই রাজ্যশাসন আমার বিষের ন্যায় বোধ হইতেছে। আমি রাজাকে লিখিলাম যে, আমা হইতে আর তাঁহার এ কাজ হইবে না, তিনি অন্য লোক নিযুক্ত করুন। তোমার নিকট থাকিব—এই নিমিত্ত এই প্রার্থনা করিতেছি, তাহা রাজা জানিতেন, তাই তিনি তদ্দণ্ডে ছুটি দিলেন। তিনি তোমাকে দর্শন করিবেন বলিয়া নিতান্ত ব্যগ্র হইয়া আছেন। তুমি অগ্রে যাও। আমার সঙ্গে সৈন্য-সামন্ত যাইবে, কাজেই তোমার আমার একত্র যাওয়া সুবিধা হইবে না।" তাই প্রভু রামানন্দকে ছাড়িয়া নীলাচলে চলিলেন। প্রভু নাম বিলাইতে বিলাইতে যাইতে লাগিলেন। পুনরুক্তি ভয়ে সে সব কথা আর উল্লেখ করিলাম না। তবে এক মাড়ুয়া ব্রাহ্মণের সহিত তাঁহার যে যুদ্ধ হয়, সেটা বলিতে হইতেছে। সেরূপ কয়েকটী লীলা পূর্ব্বেও উল্লেখ করিয়াছি। অর্থাৎ প্রভুর মারখেয়ে দয়া করা। কিন্তু এই মাড়ুয়া সম্বন্ধে যে লীলা, তাহাতে একটু বিশেষত্ব আছে। তাই উহা একটু বিবরিয়া বলিব। এই লীলা রসালকুণ্ডে হয়। সেখানে এই মাড়ুয়া ব্রাহ্মণ কাহাকেও গ্রাহ্য করে না। আর মনেও খুব অভিমান আছে যে, সে স্বাধীন প্রকৃতির লোক, কাহাকে ভয় করে না ইত্যাদি—অর্থাৎ সে একটি বর্ব্বর, মনুষ্যের হৃদয়ে যে সমুদয় কমনীয় ভাব আছে, তাহা তাহার কিছুই নাই, যাহা ছিল, সব উৎপাটন করিয়াছে, আর তাহার হৃদয়ে কোন কমনীয় ভাব নাই বলিয়া আপনাকে গৌরবান্বিত মনে করে।

এই ব্রাহ্মণের একটি প্রহ্লাদ জন্মিয়াছে। কাজেই সে প্রভুর চরণে আকৃষ্ট হইয়া সেখানে বসিয়া আছে,—সেখান হইতে নড়িতেছে না, কি নড়িতে পারিতেছে না। প্রভুও তাহার প্রতি স্নেহনয়নে দৃষ্টি করিতেছেন। ব্রাহ্মণ পুত্রকে না পাইয়া তল্লাস করিতে করিতে শুনিল যে, সে প্রভুর

কাছে আছে। সুতরাং ক্রুদ্ধ হইয়া সেখানে আসিল, আসিয়া দেখিল যে প্রকৃতই তাহার পুত্র করযোড়ে প্রভুর সম্মুখে বসিয়া আছে। ইহা দেখিয়া সে একেবারে জলিয়া উঠিল এবং বলিতে লাগিল, "তুই এখানে কি করিতেছিস ?" বালক বলিল, "এই ঠাকুরের কাছে আছি, ইনি বড় দয়াময়।" বালকের মুখে প্রভুর স্তুতিবাণী শুনিয়া মাড়ুয়ার যে ক্রোধ পুত্রের প্রতি হইয়াছিল, তাহা সমুদয় প্রভুতে নিয়োজিত হইল। অবশ্য তাহার হাতে একখানা যষ্টি ছিল, আর উহা পুত্রের পৃষ্ঠে প্রয়োগ করিবে বলিয়াই আনিয়াছিল। এখন উহা হস্তে করিয়া প্রভুকে মারিতে চলিল। আর মারিবার আগে প্রভুকে গালি দিতে লাগিল। যাহারা কিছু না ভাবিয়া চিন্তিয়া যাইয়াই প্রহার করে, তাহারা লোক মন্দ নহে, তবে কিয়ৎ পরিমাণে পাগল, নিজ কার্য্যের নিমিত্ত সম্পূর্ণ দায়ী নহে। কিন্তু যাহারা কুটিল, তাহারা অগ্রে গালি দেয়, দিয়া ক্রোধ প্রজ্বলিত করিয়া লয়, ক্রোধ হইলে কুকর্ম্ম করিতে আর বাধা থাকে না। এই জন্য ব্রাহ্মণ অগ্রে গালি দিতে লাগিল, কি গালি দিল, তাহা অনুভব করা যায়। অর্থাৎ বলিতেছে,—"তুই ভণ্ড জুয়াচোর সন্ন্যাসী, আমার পুত্রকে নষ্ট করিলি। অদ্য তোকে প্রহার করিয়া তোর ভণ্ডামি ঘুচাইব।"

ইহাতে বালকের মনে কি ভাব হইল তাহা বেশ বুঝা যায়। তাহার পিতা পাষণ্ড, সে নিজে অতি স্নেহশীল, পিতাকে প্রাণের সহিত ভালবাসে। সেই পিতা, তাহার বিবেচনায়, একেবারে আপনার সর্ব্বনাশ করিতেছে। অবশ্য সে পিতার চরণ ধরিয়া তাহাকে নিবৃত্ত করিবার চেষ্টা করিতে পারিত, কিন্তু সে বেশ জানিত যে, তাহাতে কোন ফল হইবে না। কাজেই সে পিতাকে ছাড়িয়া প্রভুকে অনুনয় বিনয় করিতে লাগিল। যাহা বলিল, তাহার ভাবার্থ এই—"প্রভু, উনি আমার পিতা, আমার নিমিত্ত পিতার অপরাধ না লইয়া উঁহাকে মাপ কর।" ইহাতে

প্রভু নীলাচল হইতে বৃন্দাবন যাইবার পথে গৌড়ে গেলেন এবং সেখানে তাঁহাদিগকে সংগ্রহ করিয়া বৃন্দাবনে পাঠাইলেন। যত পণ্ডিত যুদ্ধ করিতে আসেন, তাঁহারা এই গোস্বামিগণের,—বিশেষতঃ রূপসনাতনের, নিকট মস্তক অবনত করিতে বাধ্য হন।

দক্ষিণে যাইবার আর এক কারণ গোপালভট্টকে শক্তিসঞ্চার করিয়া বৃন্দাবনে আনয়ন করা। ইনি ছয় গোস্বামীর একজন। প্রভু বারাণসীতে যাইয়া প্রবোধানন্দ সরস্বতীকে আহরণ করেন। সরস্বতী ঠাকুরের অমূল্য "চৈতন্যচন্দ্রামৃত" যিনি পাঠ না করিয়াছেন তিনি অতি হতভাগ্য। মহাপ্রভু যে কি তত্ত্ব, তাহার অতি প্রধান সাক্ষী এই প্রবোধানন্দ। ইঁহার সাক্ষ্য অমান্য করিবার একেবারে যো নাই। যখন বৃন্দাবনের গোস্বামীদিগের যশ ভারত ব্যাপিল, তখন রূপসনাতন ও জীব নানাবিধ কার্য্যে ব্যাপৃত থাকায় পশ্চিমদেশীয় লোকদিগকে দীক্ষা দেওয়ার ভার গোপালভট্ট গোস্বামীর উপর ন্যস্ত হয়।

প্রভু দক্ষিণে ভ্রমণ করিতে করিতে ফলবান বিষবৃক্ষ পাইলেই তাহা ছেদন করেন। আবার স্থানে স্থানে অমৃতবৃক্ষ রোপণও করিয়াছেন। এইরূপে বেশ্যা দস্যু ও মায়াবাদী প্রভৃতি বহুবিধ বিষবৃক্ষ নষ্ট করিলেন, আর তুকারামের ন্যায় ফলবান্ অমৃতবৃক্ষ রোপণ করিলেন। প্রভু উন্মাদের মত যাইতেছেন বটে, কিন্তু কাজের কোন ভুল হইতেছে না। সমুদ্রধার দিয়া চলিয়াছেন, কিন্তু মাঝে মাঝে অভ্যন্তরেও যাইতেছেন। কেন যাইতেছেন, তাহা তাঁহার কার্য্যের দ্বারা পরে প্রকাশ পাইতেছে—অর্থাৎ আচার্য্য সৃষ্টি করিবার জন্য।

কোন মহাপুরুষ কি অবতার যদি কোন নূতন ধর্ম্ম প্রচার করেন, তবে কিছুকাল সেই অবতারের শক্তিতে উহা বৃদ্ধি পায়। পরে মনুষ্যের দুর্ম্মতিতে আবার উহার শক্তির হ্রাস হইয়া পড়ে। ধর্ম্মের এইরূপ গ্লানি

দেওয়া। যে অবধি মনুষ্য সৃষ্টি হইয়াছে, সেই অবধি জীব শ্রীভগবানকে একটী অসুর সাজাইয়া তাঁহাকে ভজনা করিতে গিয়া কেবল তাঁহার গ্লানি করিয়াছে। প্রভু শিক্ষা দিলেন যে, শ্রীভগবানের প্রকৃতি কিরূপ ও তাঁহার ভজন কিরূপ।

ধর্ম্মপ্রচারকার্য্যও অন্যান্য মহাপুরুষেরা পূর্ব্বে করিয়া গিয়াছেন। কিন্তু তাঁহাদের প্রচারপদ্ধতি ও প্রভুর প্রচারপদ্ধতি একরূপ নহে। যীশুখৃষ্ট চারি বৎসর পরিশ্রম করিয়া মূর্খ লোকের মধ্যে মোটে দ্বাদশটি শিষ্য পাইয়াছিলেন। তাহার মধ্যে এক জন তাঁহার সহিত ঘোরতর বিশ্বাসঘাতকতা করিয়াছিল। মহাম্মদ মদিনা সহর হইতে অনুগত লোক সংগ্রহ করিয়া মক্কা জয় করিলেন, করিয়া এক দিনে নগরে সমুদয় লোককে তাঁহার মতে আনিলেন। কারণ তিনি এই নিয়ম করিলেন যে, যে ব্যক্তি তাঁহাকে ঈশ্বর-প্রেরিত বলিতে অস্বীকার করিবে, তাঁহাকে তিনি বধ করিবেন। কাজেই এক মুহূর্ত্তে নগর সমেত লোক তাঁহার অনুগত হইল। কিন্তু প্রভুর প্রচারপদ্ধতি স্বতন্ত্র। তিনি প্রায় সমুদয় ভারতবর্ষ ভ্রমণ করিয়া, তাঁহার অনুমোদিত ধর্ম্ম প্রচার করিলেন। তিনি জীবকে বক্তৃতা কি তর্ক করিয়া বুঝাইলেন না,—বুঝাইলেন আপনি আচরিয়া। সহস্র লোকের মধ্যে আপনি কৃষ্ণপ্রেমে অভিভূত হইয়া দেখাইলেন যে কৃষ্ণপ্রেম কি। আর তাহা দেখিয়া তাহাদের প্রায় সকলেরই সেই পরমধন লাভ করিতে প্রগাঢ় লোভ হইল। তিনি মাত্র ৪।৫ বৎসর প্রচার করিয়া দেশের শীর্ষস্থানীয় লক্ষ লক্ষ লোককে বৈষ্ণব-ধর্ম্মে আনয়ন করিলেন। এইরূপে নবদ্বীপের প্রধান অধ্যাপক সার্ব্বভৌম, সন্ন্যাসীর প্রধান প্রকাশানন্দ, বৈষ্ণবাচার্য্যগণের প্রধান শ্রীঅদ্বৈত, স্বাধীন ভূপতির মধ্যে সর্ব্বাপেক্ষা ক্ষমতাশালী সম্রাট প্রতাপরুদ্র, গৌড়ের রাজার মন্ত্রী প্রভৃতিকে বৈষ্ণবধর্ম্মে আনিয়া প্রচারের সুবিধা করিলেন।

পূর্ব্বে বলিয়াছি, প্রেম-ভক্তির মত যে বেদসম্মত, ইহা না দেখাইলে হিন্দুগণ উহা লইবে না। কিন্তু জগতে সকলেই জানিত যে বেদ প্রেম-ভক্তি ধর্ম্মের বিরোধী। তাই সার্ব্বভৌম, প্রভুকে তাঁহার নাচন গায়ন ছাড়াইবার নিমিত্ত বেদ পড়াইতে চাহেন। প্রভু প্রথমে সার্ব্বভৌমের সহিত বিচারে দেখাইলেন যে, বেদ প্রেমভক্তি ধর্ম্মের বিরোধী নয়, বরং পক্ষপাতী। তাই সার্ব্বভৌম বলিলেন, "প্রভু, তুমি স্বয়ং বেদ!" ঠিক এই লীলা কাশীতে হয়। তখনকার সন্ন্যাসীর স্থান কাশী, আর কাশীর প্রধান সন্ন্যাসী প্রকাশানন্দ সরস্বতী। প্রভু বেদের প্রকৃত অর্থ কি, তাহা তাঁহাকে বুঝাইলেন, অর্থাৎ দেখাইলেন যে, বেদ প্রেমভক্তি-ধর্ম্ম অনুমোদন করিয়াছেন। পূর্ব্বে যে সরস্বতী ঠাকুর, প্রভুর ভাবকালিকে দুষিয়াছিলেন, প্রভুর কৃপা পাইলে তাঁহার মত কিরূপ পরিবর্ত্তিত হয়, তাহা তাঁহার শ্রীচৈতন্যচন্দ্রামৃত গ্রন্থে দেখা যাইবে।

এই প্রথম প্রভু দেখাইলেন যে, বেদ তাঁহার ধর্ম্মের পক্ষপাতী। তাহার পরে বিশ্বনাথ চক্রবর্ত্তী এ সম্বন্ধে বৃহৎ গ্রন্থ প্রস্তুত করেন। তাঁহার সে কাহিনী অতি অদ্ভুত! তাঁহার পরে প্রভু—শ্রীভগবানের প্রকৃতি কিরূপ, ভজন সাধন কিরূপ, প্রেম ভক্তি কিরূপ ইত্যাদি সমুদয় বিস্তার করিয়া শিক্ষা দিলেন, আর শিক্ষা দিলেন যে, প্রেমভক্তি-রস দিয়া যে ভজন করিতে হইবে, সে সমুদয় রস কি।

তাহার পরে কিরূপে বৈষ্ণব-স্মৃতি করিতে হইবে, তাহাও শিখাইলেন। যেমন রঘুনন্দনের স্মৃতি শাক্তদের নিমিত্ত, সেইরূপ বৈষ্ণবদের স্মৃতি 'হরি-ভক্তি বিলাস'। গোস্বামী গোপাল ভট্ট, গোস্বামী সনাতনের নিকট এই সমস্ত তত্ত্ব শিক্ষা করিয়া এই বৈষ্ণব-স্মৃতি প্রকাশ করেন। এইরূপে বৈষ্ণব শাস্ত্রের সৃষ্টি হইল। এই সমুদয় বৈষ্ণব গ্রন্থের তালিকা দিতে অনেক স্থান লাগিবে, তবে প্রধান কয়েকখানির নাম ক্রমে করিতেছি। প্রভুর

নাই, কারণ রূপসনাতনের সহিত তাঁহার মতের একটু পার্থক্য ছিল। সে আর কিছু নয়,—রূপসনাতনের কার্য্য রাধাকৃষ্ণের ভজন প্রচলন করা, আর প্রবোধানন্দের ভজনীয় শ্রীগৌরাঙ্গ,—শ্রীকৃষ্ণ নহেন।

প্রবোধানন্দের শ্রীনবদ্বীপে আসা উচিত ছিল। বোধ হয় তিনি অদ্বিতীয় পণ্ডিত বলিয়া, প্রভু তাঁহাকে শঙ্করীয় মায়াবাদিগণ হইতে ভক্তিধর্ম্ম রক্ষা করার নিমিত্ত বৃন্দাবনে রাখেন। শ্রীজীব গোস্বামী রূপ এবং সনাতনের ভ্রাতুষ্পুত্র ও রূপের শিষ্য। তিনি রূপসনাতনের ছোট ভাই অনুপমের পুত্র। অনুপম অদর্শন হইলে, রূপসনাতন উদাসীন হইলেন। রূপ বাড়ী আসিয়া অতুল সম্পত্তি নানা ভাল ভাল কার্য্যে নিয়োগ করিয়া, তাঁহাদের রাজসিংহাসনে শ্রীজীবকে বসাইলেন। তখন নিঃসম্বল হইয়া তিনি একেবারে বৃন্দাবনে গমন করিলেন।

শ্রীজীব কিছুকাল রাজত্ব করিলেন, কিন্তু উহা তাঁহার ভাল লাগিল না। শেষে তিনি শ্রীনবদ্বীপে গমন করিয়া নিতাইর স্মরণ লইলেন। বলিলেন, "আমি সংসারে থাকিতে পারিতেছি না, অথচ পিতৃব্যের ইচ্ছায় আমি রাজত্ব করি।" নিতাই বলিলেন, "প্রভু শ্রীবৃন্দাবন তোমাদের গোষ্ঠীকে দিয়াছেন। তোমার পিতৃব্যদ্বয় বৃদ্ধ হইলে তখন বৃন্দাবন কে রক্ষা করিবে? তুমি বৃন্দাবন যাও।" এই আজ্ঞা পাইয়া শ্রীজীব বৃন্দাবনে যাইয়া উপস্থিত হইলেন। নিতাইয়ের আজ্ঞা লইয়া আসিয়াছেন, কাজেই পিতৃব্যদ্বয় তাঁহাকে রাখিলেন।

শেষে রঘুনাথ দাস আসেন। প্রভু ইঁহাকে গোস্বামী পদ দিয়া কাছে রাখিয়াছিলেন। প্রভুর অন্তর্ধানের পর তিনি বৃন্দাবনে গমন করিয়া সেখানে রহিলেন,—এই হইলেন ছয় গোস্বামী।

নূতন যে বৈষ্ণব-সাহিত্য হইল, তাহাতে বেদের আকার পরিবর্ত্তিত হইল। সে হিসাবে বিশ্বনাথ চক্রবর্ত্তীকে একজন ব্যাস

রোদন করিয়া কাটাইয়াছিলেন। প্রভুর যেরূপ আকর্ষণ এরূপ জীবে সম্ভবে না।

তাঁহারা প্রভুকে দেখিতে যাইতেছেন। এদিকে প্রভু তাঁহার নিজের কার্য্য উদ্ধারের পথ পরিষ্কার করিতেছেন। তিনি নীলাচলে থাকিবেন, কেন না উহা হিন্দুর রাজ্য। কিন্তু সে রাজ্যের রাজা যদি পাষণ্ড হয়েন, তবে সেখানে কিরূপে ধর্ম্মপ্রচার করিবেন? অতএব অগ্রে তাঁহাকে ভক্তিধর্ম্ম অর্পণ করা প্রয়োজন। তুমি আমি হইলে ইহাতে কৃতকার্য্য হওয়া অসম্ভব ভাবিতাম। প্রতাপরুদ্র বস্তুটী কি একবার দেখুন। তিনি এক বৃহৎ সাম্রাজ্যের যথেচ্ছাচারী সম্রাট। তাঁহার রাজ্য এক সময় ত্রিবেণী হইতে গোদাবরীর ওপার পর্য্যন্ত ছিল। একবার ভারতবর্ষের মানচিত্র খুলিয়া দেখিবেন, সে রাজ্য কত বড়! এইরূপ রাজাকে করায়ত্তে আনিতে হইবে, নতুবা সব কার্য্য পণ্ড হইবে।

প্রভু রাজাকে কিরূপে চরণানুগত করিলেন তাহা আপনারা জানেন। রথাগ্রে প্রভু মূর্চ্ছা গিয়াছেন। রথ আসিতেছে, তাঁহার শ্রীঅঙ্গে আঘাত লাগিবে সকলের এরূপ ভয় হইল। রাজা সেখানে দাঁড়াইয়া। তাই তিনি প্রভুকে ধরিলেন,—অভিপ্রায়, স্থানান্তরিত করিবেন। কিন্তু রাজার স্পর্শ মাত্র প্রভুর চেতন হইল, অমনি সেই লক্ষ লোকের সম্মুখে প্রভু তাঁহাকে যৎপরোনাস্তি অপমান করিলেন; বলিলেন,—"ছি! বিষয়ী লোকে আমায় স্পর্শ করিল?" রাজা তাঁহাকে স্পর্শ করিয়াছিলেন, তাহাতে প্রভু লক্ষ লোকের সম্মুখে বিরক্তি প্রকাশ করিলেন। সে বেচারী কি অস্পৃশ্য, হাড়ি না চামার? তা নয়,—তিনি ক্ষত্রিয়, জগন্নাথের সেবক ও সাম্রাজ্যের অধিপতি, ভারতবর্ষের মধ্যে ঐশ্বর্য্যে হিন্দুদিগের সর্ব্বপ্রধান। তাঁহাকে এইরূপ অহেতুক অপমান! তাহাও নয়, তিনি প্রভুকে বাঁচাইতে গিয়াছিলেন, আর তাঁহাকে অপমান!

ফুরাইয়াছে। তুমি আমার ব্যাথার ব্যথী, তোমা ছাড়া আমার হৃদয়ের এই ব্যথা আর কাহাকে বলিব? তুমি আমাকে জীবের ঋণ হইতে মুক্ত কর—গৌড়দেশে গমন করিয়া ছোট বড়, ভাল মন্দ, সকলকে উদ্ধার কর। যদিও পড়ুয়া পণ্ডিতগণ তোমার বিশেষ কৃপার পাত্র, তবে দেখিও যেন কেহ বাদ না যায়।"*

নিতাই গৌড়ে যাইয়া কি ধর্ম্ম প্রচার করিতে লাগিলেন, তাহা বহুতর পদে বর্ণিত আছে। আমরা সেই সমুদয় পদ হইতে প্রধানতঃ এই বিবরণ লিখিতেছি, ইহাতে আমাদের মনগড়া কথা একটীও নাই। যথা একটী পদ—

গজেন্দ্র গমনে নিতাই যায়।
যারে দেখে তারে প্রেমেতে ভাসায়॥
অধম পতিত পাপীর ঘরে গিয়া।
ব্রহ্মার দুর্লভ প্রেম দিতেছে যাচিয়া॥
যে না লয় তারে কয় দন্তে তৃণ ধরি।
আমারে কিনিয়া লও ভজ গৌরহরি॥
তো সবার লাগিয়া কৃষ্ণের অবতার।
শুন নাই গৌরাঙ্গসুন্দর নদিয়ার?

নিতাই আপনার পার্ষদগণ সঙ্গে লইয়া, পায়ে নূপুর দিয়া, গ্রামে গ্রামে, নগরে নগরে, ঘরে ঘরে কীর্ত্তন করিয়া বেড়াইতেছেন, আর বলিতে বলিতে যাইতেছেন—

ভজ গৌরাঙ্গ কহ গৌরাঙ্গ লহ গৌরাঙ্গ-নাম।
যে ভজে গৌরাঙ্গচাঁদ সেই আমার প্রাণ॥

* এই যে কথাগুলি হইতেছে এ সমুদয় প্রভুর নিজ মুখের কথা, কল্পিত একটীও নয়।

নিতাইয়ের শিক্ষা হইতে বঞ্চিত হইলেন, তাঁহাদের বিশেষ কিছুই লাভ হইল না।

এমন সময় কথা উঠে যে, বৈষ্ণবধর্ম্ম প্রচারের নিমিত্ত পাশ্চাত্যদেশে বৈষ্ণব-প্রচারক পাঠাইতে হইবে। তখন এমন কথাও হয় যে, গৌরগতপ্রাণ পরম পণ্ডিত বৃন্দাবনের রাধারমণ-সেবাইত শ্রীল মধুসূদন গোস্বামী মহোদয় প্রচার করিতে পাশ্চাত্যদেশে যাইবেন। আর তখন ইহাও সাব্যস্ত হয় যে, যিনি যাইবেন তাঁহাকে নিতাইয়ের প্রচারপদ্ধতি অবলম্বন করিতে হইবে। অর্থাৎ—

"কলিযুগে শ্রীগৌরাঙ্গ প্রভু অবতার।
খেলা কৈলেন জীবের সনে গোলোকের ঈশ্বর॥"

এই ভাবে প্রচার করিতে হইবে।

জীব গৌরাঙ্গকে গ্রহণ করিলে শাস্ত্র আপনি আসিবেন, রাধাকৃষ্ণ আপনি আসিবেন,—অর্থাৎ গোস্বামিগণ যাহা যাহা শিক্ষা দিয়াছেন সব আপনি আসিবেন। আর তাহা না করিয়া যদি ইহার উল্টা পদ্ধতি অবলম্বন করা হয়, তবে আর কেহ আসুন না আসুন, প্রভু যে আসিবেন না তাহা নিশ্চয়।

অতএব বাসুঘোষ, নরহরি প্রভৃতির নদিয়ানাগরী-অনুগা ভজন, আর নিতাইয়ের ( ভজ গৌরাঙ্গ ) প্রচার-পদ্ধতি উঠাইয়া দেওয়াতে জীবের সর্ব্বনাশ হইয়াছে। কারণ আগে গৌর—আগে মূলঘটনা; অপর সমুদয় পরে আপনিই আসিবে।

অতএব হে জীবের দুঃখে কাতর ভক্তগণ! জীবকে শ্রীগৌরাঙ্গ শিখাও, সর্ব্বদেশে ইহা প্রচার কর যে,—১৪০৭ শকে এই দেশে শ্রীভগবান আসিয়া ৪৮ বৎসর মনুষ্যের সহিত ইষ্টগোষ্ঠী করেন। আর ইহাও জানাও যে—একথা যে সত্য তাহা যিনি অনুসন্ধান করিবেন তিনিই জানিতে পারিবেন। ইহা যদি কর, তবে নিতাই যেমন ভগবানকে ক্রয় করিয়াছিলেন, তুমিও সেইরূপ তাঁহাকে ক্রয় করিতে পারিবে।

নাড়ুটী মুখে দিতে যাইতেছিলেন সেইটি ঠাকুরের হাতে রহিল। অদ্যাপি সেই নাড়ু-হাতে ঠাকুর, শ্রীখণ্ডে ভক্তের সুখ দিতেছেন।

প্রভু মহাপ্রসাদকে কিরূপ ভক্তি করিতেন শ্রবণ করুন। পানা নরসিংহে প্রভু গমন করিলে, অধিকারী মাধবভুজা কিছু প্রসাদ আনিয়া তাঁহার সম্মুখে রাখিলেন। যথা—

পূজারি প্রসাদ কিছু আনিল ত্বরিতে।
কণামাত্র প্রসাদ লইয়া প্রভু হাতে॥
হাতে করি প্রসাদের বহু স্তব করে।
প্রসাদ পাইতে দুই চক্ষে জল ঝরে॥

প্রভু জগন্নাথ দর্শন করিতেছেন, এমন সময় গোপালবল্লভ-ভোগ আরম্ভ হইল, দ্বারে কপাট পড়িল, শঙ্খ ঘণ্টা বাজিতে লাগিল। ভোগ সমাপ্ত হইলে, সেবকগণ প্রভুর নিকট প্রসাদ লইয়া আসিল। প্রভুকে দিলে তিনি এক কণা জিহ্বাগ্রে দিলেন, দিয়া বলিলেন,—"সুকৃতি লভ্য ফেলা লব।" ইহা বলিয়া আনন্দে পুলকাবৃত হইলেন, আর নয়নজলে ভাসিলেন। ভক্তগণ প্রভুকে ইহার তথ্য জিজ্ঞাসা করিলেন; বলিলেন,— "প্রভু, আপনি বারে বারে 'সুকৃতি লভ্য ফেলা লব' কেন বলিতেছেন?" প্রভু বলিলেন,—"কৃষ্ণের যে ভুক্তাবশেষ তাহাকে 'ফেলা' বলে।" আর 'লব' মানে অল্প অংশ। ইহার অর্থ এই যে, যিনি সুকৃতি তিনি এইরূপ মহামূল্য দ্রব্য লাভ করেন। এই যে ভোগ উহাতে কৃষ্ণের অধরামৃত স্পর্শ করিয়াছে। দেখ, ইহার গন্ধে মন মোহিত হইতেছে আশ্চর্য্য দেখ, যদিও এ সামান্য ও প্রাকৃত দ্রব্য দ্বারা প্রস্তুত, কিন্তু আস্বাদ ইহার অপ্রাকৃত। জগতের কোনদ্রব্যে এইরূপ আস্বাদ মিলে না।"

প্রকৃতই ভক্তগণ উহা আস্বাদ করিয়া আনন্দে উন্মত্ত হইলেন।

অমনি প্রভু উঠিয়া বসিলেন। ইচ্ছা হইতেছে বাহিরে গমন করেন। সেই চেষ্টা করিতেছেন, কিন্তু দ্বার পাইতেছেন না। ইহার ফলে নাসিকায় আঘাত লাগিয়া ক্ষত হইয়াছে।

এখন অগ্রে বিচার করুন, প্রভুর এই যে কৃষ্ণবিরহ, ইহা সত্য না কাল্পনিক ? যদি তাঁহার কৃষ্ণবিরহ প্রকৃত না হইয়া অভিনয় হইত, তবে নাসিকায় আঘাত লাগিত না। যেরূপ কোন রঙ্গভূমিতে প্রভু-সাজিয়া কৃষ্ণবিরহ দেখাইবার নিমিত্ত যদি কেহ ঘরে ঘুরিয়া বেড়াইত, তবে তাহার নাসিকায় কখন আঘাত লাগিত না। কিন্তু যদি সত্য কৃষ্ণবিরহ হয়, তবে ত নাসিকায় আঘাত লাগিবারই কথা, আঘাত না লাগাই আশ্চর্য্য। কথা এই, প্রভুর নাসিকায় যে আঘাত লাগিয়াছিল ইহাই অব্যর্থ প্রমাণ যে প্রভুর কৃষ্ণবিরহ সত্য, কাল্পনিক নয়, আর এই আঘাত একটি পরিমাপক যন্ত্রেরও কার্য্য করিতেছে, অর্থাৎ প্রভুর কৃষ্ণবিরহ কতখানি, এই ক্ষত দ্বারা তাহার কতক পরিমাণ পাওয়া যাইতেছে।

যখন স্বরূপ নাসিকা ক্ষত হইবার কারণ শুনিলেন, তখন উপায় স্থির করিলেন। সেই অবধি প্রভুকে আর একাকী শয়ন করিতে দেওয়া হইত না। প্রভুর পদতলে শঙ্কর সেই গম্ভীরায় শয়ন করিতেন। প্রভু একখানি পাথরে শয়ন করিতেন। আর শঙ্কর প্রভুর পদ দুখানি আপনার হৃদয়ে রাখিয়া নিদ্রা যাইতেন। সেই শঙ্করের একটি পদ শ্রবণ করুন। *

সে যে মোর গৌরকিশোর। মুরছি মুরছি পড়ে ভকতের কোর ॥
সোনার বরণ তনু হইল মলিন। দেখিয়া ভকতগণের প্রাণ হয় ক্ষীণ ॥
বচন না নিকসয়ে সে চাঁদবদনে। অবিরল ধারা বহে অরুণ-নয়নে ॥
কান্দে সহচরগণ গৌরাঙ্গ বেড়িয়া। পাষাণ শঙ্কর দাস না যায় মরিয়া ॥

---

* কৃষ্ণবিরহে প্রভুর কিরূপ অবস্থা হইয়াছিল, তাহা এই ভক্তগণ যাহারা দিবানিশি সঙ্গে থাকিতেন, তাঁহাদের দ্বারা জানা যায়।

তবে দাস্যভাবে অভিভূত হইয়াছেন। দৈন্যতার খনি। মনের ভাব ব্যক্ত করিয়া একটি শ্লোক পড়িলেন, সেটি তাঁহার নিজের। যথা—

"অয়ি নন্দতনুজ কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ।
কৃপয়া তব পাদপঙ্কজস্থিতধূলীসদৃশং বিচিন্তয় ॥"

প্রভু বলিতেছেন,—"আহা! আমি ইহা অপেক্ষা সৌভাগ্য অনুভূত করিতে পারি না, সেই ভাগ্য কিনা, "আমি শ্রীকৃষ্ণের পাদপদ্মের ধূলার সমান হইয়া তাঁহার পদসেবা করিব।" তখন তিনি অশ্রুপূর্ণ নয়নে স্বরূপ ও রামরায়ের পানে চাহিয়া বলিতেছেন, "রামরায়! স্বরূপ! জগতে কত জনে কত প্রার্থনা করে, কেহ ধন চায়, কেহ কবিত্ব চায়, কেহ সুন্দরী-ভার্য্যা চায়। আমি সরল মনে বলিতেছি, আমার এ সমুদায় বিষয়ে কিছু মাত্র লোভ নাই। তবে আমি চাই কি শুনিবে?" ইহা বলিয়া নিজ কৃত আর একটি শ্লোক পড়িলেন। যথা—

"ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ ভক্তিরহৈতুকী ত্বয়ি ॥"

অর্থাৎ—"হে জগদীশ্বর! আমাকে তোমার অহেতুকী ভক্তি দাও। কিন্তু রামরায়! ভক্তি তত দুর্লভ নয়, কিন্তু অহেতুকী ভক্তি অতি দুর্লভ। জগতে কি উহা আছে? হে নাথ! সে ভাগ্য আমার কবে হবে? কবে তোমাতে আমার স্বার্থশূন্য ভক্তি হবে? কবে (এটিও তাঁহার নিজকৃত শ্লোক)—

"নয়নং গলদশ্রুধারয়া, বদনং গদ্‌গদরুদ্ধয়া গিরা।
পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নাম গ্রহণে ভবিষ্যতি ॥"

"হে নাথ! কবে তোমার নাম শ্রবণ করিবামাত্র আমি বিগলিত হইব।"—ইহা বলিতে বলিতে প্রভু কান্দিয়া আকুল হইলেন; একটু চুপ করিয়া থাকিয়া আবার বলিতেছেন,—"কি আশ্চর্য্য! নাথ, তোমাকে

প্রভু তাঁহার উৎকণ্ঠা কত প্রকারে দেখাইতেছেন তাহার সংখ্যা করা যায় না। সে এত প্রকারে যে, আমরা তাহা কল্পনায়ও আনিতে পারি না, তবু কিছু বলিতেছি। প্রভুর মুখ একটু মলিন হইয়াছে, ক্রমে কষ্ট বৃদ্ধি পাইতেছে। তিনি অল্প অল্প দীর্ঘনিশ্বাস ত্যাগ করিতেছেন। পরে মৃতুস্বরে "উহু উহু" করিতেছেন, আবার এদিকে ওদিকে উঁকি মারিতেছেন।

আমার একটি আত্মীয় একটু অধিক পরিমাণে স্ত্রীর বশীভূত ছিলেন। তিনি আমাকে উৎকণ্ঠা-লীলা দেখাইয়াছেন, আর তাহা এখনও আমার হৃদয়ে অঙ্কিত আছে। তাঁহার সুন্দরী স্ত্রী সংসারের গৃহিণী; রজনীতে সকলের আহারাদির পরে তিনি স্বামীর নিকট শয়ন করিতে আইসেন। স্বামী অগ্রে আহার করিয়াছেন, করিয়া শয্যায় শয়ন করিতে গিয়াছেন; কিন্তু শয়ন করিতে পারিলেন না, উঠিলেন; উঠিয়া স্ত্রীর আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। একবার রন্ধন-ঘরের দ্বারে যাইতেছেন, যাইয়া সেখানে বসিতেছেন; আবার উঠিয়া শয়নগৃহে আসিতেছেন;—এইরূপে স্থির হইতে পারিতেছেন না। তিনি আমাকে বলিতেছেন, ( আমি তখন অতি বালক ) "যাও তাঁকে ডাকিয়া আন গিয়া।" আমি সেই গরবিনী স্ত্রীর কাছে যাইয়া তাঁহার স্বামীর সন্দেশ বলিলাম। তিনি বলিলেন, "আমার কাজ সমাধা হয় নাই, আমি যাই কিরূপে? তাঁহার ত লজ্জা ভয় কি কাণ্ডজ্ঞান নাই। আমি বধু, আমি কিরূপে নিলর্জ্জের ন্যায় ব্যবহার করি?" "ভাল, কার্য্য সমাধা হইলে আসিও"—ইহা বলিয়া আমি তাঁহার স্বামীর নিকট আসিয়া তাঁহাকে সান্ত্বনা করিতে বসিলাম। পরে সেই গরবিনীর কার্য্য সমাধা হইল, সকলে শয়ন করিতে গেলেন, তখন তিনি স্বামীর নিকট আসিলেই পারেন; কিন্তু তাহা না আসিয়া রন্ধন-ঘরের দাওয়ায় চুল কুলাইতে বসিলেন।

তখন আমি বুঝিলাম, তিনি যে হঠাৎ আসিবেন এ ইচ্ছা তাঁহার

জগতে বিবাদ দ্বৈত ও অদ্বৈতবাদী লইয়া, বিবাদ নাস্তিক ও আস্তিক লইয়া। কেহ বলেন ভগবান আছেন, কেহ বলেন নাই। তিনি যে আছেন তাহার কি প্রমাণ? তাঁহার কোন প্রত্যক্ষ প্রমাণ নাই। মনে কেবল আশা মাত্র যে তিনি আছেন। আবার তিনি যে নাই তাহারও কোন প্রত্যক্ষ প্রমাণ নাই। মনুষ্যের মধ্যে এই এক ঘোর বিবাদ চিরদিন চলিতেছিল। আর এক বিবাদের কারণ ভগবানের প্রকৃতি লইয়া। কেহ তাঁহার হাতে বংশী দেন, কেহ দেন অসি। আরও এক বিবাদ শ্রীভগবানে ও জীবে সম্বন্ধ লইয়া। কেহ বলেন শ্রীভগবান জীব হইতে পৃথক, আবার কেহ বলেন সোঽহং—আমিই সেই। এই সকল তত্ত্ব লইয়া চিরদিন এই ভারতবর্ষে বিবাদ চলিতেছে। ভারতবর্ষ কোথা, না পৃথিবীর সেই স্থানে, যেখানে কেবল আধ্যাত্মিক শাস্ত্রের চর্চ্চা হইয়া থাকে।

কেহ বলেন ভগবান নাই, কেহ বলেন তিনি আছেন। কেহ বলেন তিনি খড়্গধারী, কেহ বলেন তিনি বংশীধারী। কেহ বলেন তিনি নির্গুণ, তাঁহার সঙ্গে আমাদের কোন সম্বন্ধ নাই, আমরা আমাদের কর্ম্মের দাস। কেহ বলেন ভগবান কর্ত্তা, আমরা তাঁহার দাস। আবার কেহ বলেন ভগবানও যে আমিও সে।

প্রভু অবতীর্ণ হইয়া চিরদিনের এই বিবাদ মীমাংসা করিলেন;—কিরূপে? না, আপনি আসিয়া দেখাইলেন—আমি ভগবান, আমি আছি। আর আপনি আসিয়া মনুষ্যের সহিত ইষ্টগোষ্টি করিয়া দেখাইলেন,—তাঁহার প্রকৃতি ও তাঁহার ভজন কি? শ্রীভগবানের অস্তিত্বের ও প্রকৃতির এরূপ প্রত্যক্ষ প্রমাণ পূর্ব্বে ছিল না। এই প্রত্যক্ষ প্রমাণ গৌর-অবতারে জীব প্রথমে পাইল।

শঙ্করের সঙ্গে শ্রীগৌরাঙ্গদাসদিগের এই বিবাদ। প্রবোধানন্দের

তাঁহার কৃষ্ণের সহিত যে খেলা খেলিয়াছেন, কি খেলিয়া থাকেন, তাহা দেখাইতে আসিয়াছিলেন। যখন শ্রীরাধা প্রভুতে প্রকাশ পাইলেন, তখন প্রভুর স্বাভাবিক কমনীয় দেহ লক্ষ গুণ কমনীয় হইল,—মনে হইল যেন তিনি একটি ভুবনমোহিনী স্ত্রীলোক। যখন কথা কহিতে লাগিলেন, তখন তাঁহার স্বর হইল স্ত্রীলোকের ন্যায়! তিনি বলিতেছেন, "সখি! আমার ভাগ্যের কি সীমা আছে? দেখ, কৃষ্ণকে ভাল না বাসে জগতে এমন কেহ নাই। আমি তাঁহাকে যেমন ভালবাসি, এই ব্রজে কে না তাঁহাকে সেইরূপ ভালবাসে? আবার ইহাও কে না জানে যে, এই ব্রজে আমার ন্যায় রূপসী রমণী কত শত আছে? কিন্তু তিনি আমা ছাড়া আর কাহাকেও জানেন না। তাঁহার ভালবাসার হৃদয়, তিনি ভাল না বসিয়া থাকিতে পারেন না। সুতরাং ব্রজগোপীরা সকলে তাঁহাকে যেমন ভালবাসে, তিনিও তাহাদিগকে সেইরূপ ভাল বাসেন। কিন্তু তবু আমার প্রতি তাঁহার যে টান দেখা যায়, এ প্রকার টান আর কাহাতেও নাই। এখানে শ্রীমতী শ্রীকৃষ্ণকে অনুকুল-নাগরের পদ দিতেছেন। তিনি বলিতেছেন,—"আমার এ ভাগ্য কেন? আমি কি ব্রত করিয়াছিলাম?" তখন তিনি দুই হাত জুড়িয়া ঊর্দ্ধে চাহিলেন, আর বলিতে লাগিলেন,—"নাথ! তুমি বড় করুণ, তোমার গুণ আমি কিরূপে শোধিব? আমি শ্রীমতী দুর্গার নিকট কামনা করি যে, তুমি চিরদিন সুখে থাক, আর আমার যত মঙ্গল সব তুমি লও।" প্রভু রাধাভাবে এইরূপ বলিতেছেন। এতদূর কষ্টে শ্রষ্টে মনের ভাব প্রকাশ করিয়া আসিয়াছেন, কিন্তু তাঁহার আঁখি দিয়া অবিরত ধারা পড়িতেছে, কথা ক্রমে ঘন হইয়া আসিতেছে। তখন স্বরূপের গলা ধরিলেন, ধরিয়া অঝোরে ঝুরিতে লাগিলেন,—কণ্ঠরোধ হওয়ায় মুখে আর কথা সরিতেছে না!

এইরূপ কিছুকাল থাকিয়া হঠাৎ প্রভু চমকিয়া উঠিলেন। মনে হইল,

না থাকায় পত্নী সাংসারিক অনেক দুঃখ ( যেমন শাশুড়ির যন্ত্রণা জনিত বা অতৃপ্ত ইন্দ্রিয়ের নিমিত্ত দুঃখ ) ভোগ করিতে পারেন। সুতরাং পতিবিরহে রমণীর দুঃখ, আর কৃষ্ণবিরহে প্রভুর দুঃখ অনেক বিভিন্ন। প্রভু যে কৃষ্ণকে না দেখিয়া প্রাণে মরিতেছেন, সে কেবল কৃষ্ণ-প্রেমের নিমিত্ত; কিন্তু পত্নী পতিবিরহে যে দুঃখ পান, সে শুদ্ধ পতির নিমিত্ত নয়। কাজেই পতি-বিরহে পত্নীর যে দুঃখ, তাহা প্রভুর কৃষ্ণবিরহ-জনিত দুঃখের সহিত তুলনাই হয় না।

প্রভু কৃষ্ণের নিমিত্ত যে বিরহ দেখাইয়াছেন, ইহা জগতে কেহ কাহারও নিমিত্ত কখন দেখাইতে পারেন নাই। এই পদটি দেখুন—

বিরহ ভাবে মোর গৌরাঙ্গসুন্দর ভূমে পড়ি মুরছয়।
পুন পুন মুরছি অতি ক্ষীণ শ্বাস।
দেখিয়া লোকের মনে হয় কত ত্রাস॥
উচ্চ করি ভকত বলে হরিবোল।
শুনিয়া চেতনা পাই আঁখি ঝরু লোর॥

আপনারা বিরহে এরূপ কাতর হইতে কাহাকেও কি দেখিয়াছেন? কাহারও কথা কি শুনিয়াছেন? কোন কবিতায় বা নাটকে কি পড়িয়াছেন? বিরহে মূর্চ্ছা যায় এরূপ কখন কি শুনিয়াছেন বা দেখিয়াছেন? শোকে মূর্চ্ছা যায় সত্য, কিন্তু সে প্রথম প্রথম, পরে উহা সারিয়া যায়। আর শোকে মূর্চ্ছা যাওয়ার অনেক কারণ থাকিতে পারে, যাহা বিরহে নাই। কিন্তু পঁচিশ বৎসর পর্য্যন্ত প্রভু প্রত্যহ এইরূপ মূর্চ্ছা যাইতেন।

প্রভু গম্ভীরায় বসিয়া আছেন, সম্মুখে রামরায় ও স্বরূপ। যিনি শ্রীকৃষ্ণচৈতন্য সন্ন্যাসী, তিনি ক্রমে শ্রীমতী রাধা হইলেন,—কিরূপে তাহা পরিশিষ্টে বিস্তার করিয়া বর্ণনা করিয়াছি। অর্থাৎ গৌরাঙ্গের দেহে শ্রীমতী

ক্রুদ্ধ হইলেন। বলিতেছেন,—"শ্রীকৃষ্ণকে ভজিয়া কি কুকাজই করিয়াছি। হায়! হায়! আর না, আমি আর কৃষ্ণকে ভজিব না।" যেন প্রভু ইহা রহস্য ভাবে বলিতেছেন, সেই ভান করিয়া স্বরূপ বলিলেন,—"কৃষ্ণকে ছাড়িয়া তবে কাহাকে ভজিবে?" প্রভু বলিলেন, "কেন গণেশকে ভজিব! তিনি সিদ্ধিদাতা, যাহা চাহিব তাহা পাইব। না হয় সদাশয় সরল মহাদেবকে ভজিব, তিনি শত্রু কর্ত্তৃক বিল্বডালে প্রহৃত হইয়াও তাঁহাকে বর দিয়াছিলেন। তাও না হয়,—মা দুর্গা আছেন, কালী আছেন, তাঁহাদের পূজা করিব। যাহাই হউক, স্বরূপ! তাঁহাদের ভজনে প্রেম-বেদনা নাই। জ্বলিয়া পুড়িয়া মরিতে হইবে না,—আমি যে দিবানিশি পুড়িতেছি।"

ইহা বলিতে বলিতে হৃদয়ে কৃষ্ণস্ফূর্ত্তি হইল, আর কৃষ্ণপ্রেমে অভিভূত হইলেন। তখন অতি কাতরস্বরে শ্রীকৃষ্ণের নিকটে ক্ষমা প্রার্থনা করিতে লাগিলেন। সে কাতরোক্তিতে পাষাণ বিদীর্ণ হয়।

কৃষ্ণ তাঁহার কিরূপ সর্ব্বনাশ করিয়াছেন, প্রভু গম্ভীরায় হৃদয় উঘাড়িয়া তাহা বলিতেছেন,—"সখি! কৃষ্ণকে ভজিয়া আমার একি হইল? কৃষ্ণকে ভজিয়া দেখিতেছি আমি উন্মাদগ্রস্ত হইয়াছি। সে কিরূপ শুনিবে? মেঘ দেখিলে আমার প্রাণ কান্দিয়া উঠে। তোমরা ময়ূরকে নয়ন-সুখকর ভাব, কিন্তু আমার হৃদয়ে তাহার কৃষ্ণকণ্ঠ যেন কালফণীর ন্যায় বোধ হয়। সখি! বলিব কি, কৃষ্ণবর্ণ কোন মনুষ্য দেখিলে আমার দেহে আর প্রাণ থাকেনা। এ সমুদায় ত উন্মাদের অবস্থা। আমি কাল দেখিলে বিচলিত হই কেন? যাহা হউক আমি কাল আর দেখিব না। সখি! দেখিও যেন আমার কুঞ্জে কৃষ্ণবর্ণ কিছু না থাকে। দেখিলেই কৃষ্ণ স্ফূর্ত্তি হইবে, আর বিরহে পুড়িয়া মরিব। তার কি করিব?

স্বরূপ—তোমার কেশ?

গঙ্গাস্নান করিয়া প্রভুর বাড়ী আসিয়া শুনিলেন, প্রভু কোথা চলিয়া গিয়াছেন। আর দেখেন যে, বাহির দুয়ারে মা শচী ঈশানের গাত্রে হেলান দিয়া বসিয়া আছেন। তাহার পরে বাসু ঘোষের পদ শ্রবণ করুন—

বাসুদেব ঘোষ ভাষা, শচীর এমন দশা,
মরা হেন রহিল পড়িয়া।
শিরে করাঘাত করি, ঈশানে দেখায় ঠারি,
গোরা গেল নদীয়া ছাড়িয়া॥

অর্থাৎ শচী মুখে বলিতে পারিতেছেন না যে, নিমাই তাঁহাকে ছাড়িয়া গিয়াছেন, তাই ঈশানকে সঙ্কেত দ্বারা শুধু হাত নাড়িয়া আর মুখে বিষাদ মাখা লক্ষণ প্রকাশ করিয়া বলিলেন। সেইরূপ প্রভু কৃষ্ণ নাই, দেখাইলেন। স্বরূপ তাহাতে যেরূপ প্রভুর মনের হা হতাশ ভাব বুঝিলেন, পাঠক আমি তাহা কথায় কিরূপে তোমাকে বুঝাইব? কৃষ্ণ সম্মুখে আর তিনি রাগ করিয়াছেন, ইহাই ভাবিয়া প্রভু যখন বলিতেছেন, —বন্ধু, আমি তোমাকে দুটা মন্দ বলিয়াছি,—সে মনে, মুখে নয়, তাহাতে রাগ করিও না, আমি কি তোমাকে রূঢ় কথা বলিতে পারি? প্রভু ইহা যেরূপ স্বরে ও মুখের ভঙ্গিতে বলিলেন, আমি তাহা কেবল 'ক' 'খ'য়ের সাহায্যে কিরূপে প্রকাশ করিব? তবে পাঠক! আমার কথা আপনারা বিশ্বাস করুন, অর্থাৎ সাধন ভজন করুন, তাহা হইলে আপনাদের আস্বাদ-শক্তি ক্রমে বৃদ্ধি পাইবে এবং তখন ক্রমে বুঝিবেন যে প্রভুর গম্ভীরা-লীলায় যে সুধা আছে, তাহা জগতে আর কোথাও নাই। মহাপ্রভু শুধু কথা দ্বারা মনের ভাব ব্যক্ত করেন নাই, করিতেও পারিতেন না। তাঁহার হৃদয়ে যে তরঙ্গ, যাহাতে তিনি নিজে এবং যাঁহারা নিকটে আছেন তাঁহারা ভাসিয়া গিয়াছেন, আর অদ্যাবধি

আপনার মনের ভাব শুধু কথার দ্বারা ব্যক্ত করিতে যাইতেন না। করিতে গেলে ফল তেমন হইত না। প্রভু আপনার মনের ভাব হাসিয়া, কান্দিয়া, নাচিয়া, মরিয়া প্রকাশ করিতেন।

কৃষ্ণ-বিরহে তাঁহার যে কি ক্লেশ হইত, তাহা তাঁহার মূর্চ্ছায় জানা যাইত। সেইরূপ কৃষ্ণ-মিলনের দ্বারা তাঁহার যে কি সুখ, তাহা তাঁহার নৃত্যে, প্রফুল্ল বদনে, চক্ষের ভঙ্গিতে ও হাস্যে প্রকাশ পাইত।

প্রভুর শিক্ষায় আর এক বিশেষত্ব এই ছিল যে, প্রভু যাহা শিক্ষা দিবেন সেই রসে যে রসিক তাহাকে আনিতেন; আনিয়া তাহার দ্বারা শিক্ষা দিতেন। যদি প্রভুর ইচ্ছা হইত যে সখ্যরস সম্বন্ধে শিক্ষা দিবেন, তবে তাহা আপনি না দিয়া, ঐ রসের রসিক যে শ্রীদাম তাহাকে আপনার দেহে আনিয়া তাহার দ্বারা শিক্ষা দিতেন। অর্থাৎ তখন তিনি শ্রীদাম হইতেন, মহাপ্রভু থাকিতেন না।

পূর্ব্বে বলিয়াছি এই রূপে গম্ভীরায় ভজন-সাধন প্রণালী প্রথম হইতে শেষ পর্য্যন্ত আপনি আচরিয়া জীবগণকে দেখাইতেন। প্রভু যেন একজন অতিশয় অনুতপ্ত বিষয়-মুগ্ধ জীব হইয়া স্বরূপ ও রামরায়ের নিকট এই নিজকৃত শ্লোকটি পড়িলেন, যথা—

অয়ি নন্দতনুজ কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ।
কৃপয়া তব পাদপঙ্কজস্থিতধূলীসদৃশং বিচিন্তয় ॥

ইহার ভাবার্থ এই—"হে শ্রীকৃষ্ণ! আমি তোমার নিত্যদাস, ভবার্ণবে হাবুডুবু খাইতেছি, কৃপা করিয়া আমাকে তোমার পাদপদ্মস্থিত ধূলি সদৃশ মনে কর।"

জীবের এইরূপ ভজন-পথ প্রথম অবলম্বন করিতে হয়। প্রভু ইহা কেন করিলেন? তিনি ত বিষয়ে মগ্ন নন, কৃষ্ণকেও ভুলেন নাই? তবে, করিলেন কেন? না, আপনি আচরিয়া জীবকে শিক্ষা দিবার নিমিত্ত।

পদতলে দলিত হইতেছিলেন। আবার ব্রাহ্মণেরাও মার মার করিয়া চীৎকার করিতে লাগিলেন। তবে ব্রাহ্মণদের মধ্যে যাঁহারা ধর্ম্ম-ভীরু, তাঁহারা শ্রীগৌরাঙ্গের মত অবলম্বন করিলেন। বলা বাহুল্য, এরূপ ধর্ম্মভীরু লোকের সংখ্যা অতি অল্প।

যত দিন বৈষ্ণবগণ দুর্ব্বল ছিলেন, তত দিন শাক্তগণ ঘৃণা করিয়া তাঁহাদিগকে লক্ষ্য করিতেন না। কিন্তু বৈষ্ণবগণ ক্রমে যখন প্রবল হইতে লাগিলেন, তখন তাঁহাদিগকে জব্দ করিবার যতরূপ পথ আছে ব্রাহ্মণগণ ক্রমে ক্রমে সমুদয় অবলম্বন করিতে লাগিলেন। আর কায়স্থ ও বৈদ্যগণ ব্রাহ্মণগণের সহিত রহিয়া গেলেন। এইরূপে দুইটি দল হইল। বৈষ্ণবগণের দলে রহিলেন, অল্প সংখ্যক ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্য এবং সমুদয় নবশাখগণ। আর, শাক্তগণের দলে রহিলেন প্রায় সমুদয় ব্রাহ্মণ, প্রায় সমুদয় কায়স্থ, আর প্রায় সমুদয় বৈদ্য।

নবশাখগণ ব্রাহ্মণের প্রধান সহায় এবং তাঁহারা নিরীহ ভালমানুষ ও ব্যবসা করিয়া জীবিকানির্ব্বাহ করেন। যে সমস্ত বৈষ্ণবাচার্য্য তাঁহাদের নেতা, তাঁহারা সাধু ভক্ত। "তৃণাদপি" শ্লোকের দ্বারা তাঁহাদের প্রকৃতি গঠিত। তাঁহারা, তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন ও সমাজে অসীম পদস্থ ব্রাহ্মণগণের সহিত পারিবেন কেন? সুতরাং রাজদ্বারে বৈষ্ণবগণ উৎপীড়িত ও লাঞ্ছিত হইতে লাগিলেন; এবং ব্রাহ্মণগণ জমিদারগণ দ্বারা এমন কি কাজীকে হাত করিয়া "বৈরাগী বেটাদের" টিকি কাটিতে লাগিলেন।

এইমাত্র বলিলাম, বৈষ্ণবগণের অস্ত্রশস্ত্র ভাল ছিল, সেই জন্য তাঁহাদের দল ক্রমে বাড়িয়া চলিল। ইহার ফলে ক্রমে দেশে দুইটি পৃথক দল হইল। তখন বৈষ্ণবগণ এরূপ প্রবল হইয়াছেন যে, "বৈরাগী বেটারা" বলিয়া তাঁহাদিগকে একেবারে উপেক্ষা করিবার পথ রহিল না। কারণ

হইয়া নবদ্বীপে শচীর উদরে জন্মগ্রহণ করেন এবং জীবকে উপদেশ দিয়া জীবের সঙ্গে আত্মীয়তা করিয়া শেষে জীবের মুখচুম্বন পর্য্যন্ত করিয়াছিলেন।

ইহাই গৌড়ীয় বৈষ্ণবধর্ম্মের বীজ। ইহাতেই চৌষট্টি রস আছে। যাঁহার হৃদয়ে এই বীজ অঙ্কুরিত হইয়াছে তাঁহার আর কোন শাস্ত্রের প্রয়োজন নাই।

এই বীজ অঙ্কুরিত হইয়া, মধু হইতেও মধু, সরল হইতেও সরল, এই অভিনব ধর্ম্মের সৃষ্টি হইল। ইহাতে যাগ, যজ্ঞ, দেবদেবী পূজা, কিম্বা কৌলিন্যের, জাতীয় ও বংশের গৌরব কিছুই থাকিল না।

এইরূপে পরিশেষে শাক্তগণ আলোচাল ও কলা লইয়া, আর বৈষ্ণবগণ প্রেমভক্তি লইয়া থাকিলেন। অর্থাৎ বৈষ্ণবগণের সম্পূর্ণ জয় হইল।

কিন্তু এখন আবার বৈদিক-ধর্ম্মের সম্পূর্ণ আধিপত্য স্থাপিত হইয়াছে। এখন আর সে নয়নধারা নাই, বাহু তুলে নৃত্য নাই, ধূলায় গড়াগড়ি নাই। প্রভুর অবতারের পূর্ব্বে সমাজের যেরূপ অবস্থা ছিল আবার তাহাই হইয়াছে। এখন আর শাক্ত-বৈষ্ণবে বড় প্রভেদ নাই। শাক্তধর্ম্মের সার আলোচাল কলা, বৈষ্ণবধর্ম্মের সারও প্রায় তাহাই হইয়া দাঁড়াইতেছে, বৈষ্ণবগণও ক্রমে কর্ত্তব্যে শাক্ত হইতেছেন।

বৈষ্ণবগণ প্রবল হইলে শাক্তগণের সহিত তাঁহাদের বিবাদ আরম্ভ হইল। পূর্ব্বে বৈষ্ণবগণ দুর্ব্বল ছিলেন বলিয়া সমুদয় সহিয়া থাকিতেন। শেষে বলবান হইলে, ক্রমে তাঁহারা দুই একটী কথা বলিতে লাগিলেন, এবং ক্রমে এই বিবাদ হাস্যরসের প্রস্রবণ হইল। হিন্দু ও মুসলমানের বিবাদের কথা সকলে জানেন। হিন্দুরা কলা-পাতার যে পৃষ্ঠে ভোজন করেন, মুসলমানেরা তাহা উল্টাইয়া লইলেন। হিন্দুর গাড়ু, মুসলমানের বদনা। হিন্দুরা গোঁফ রাখেন দাড়ি ফেলেন, মুসলমানেরা গোঁফ ফেলেন

ভট্টাচার্য্য, তৈলঙ্গদেশের রামজয় বিদ্যালঙ্কার, সোনগর গ্রামের রামরাম বিদ্যাভূষণ ও লক্ষ্মীকান্ত ভট্টাচার্য্য, গয়রহ, কাশীর হরানন্দ ব্রহ্মচারী ও নয়নানন্দ ভট্টাচার্য্য সাং মইনা।*

তখনকার বিবাদের অবস্থা আর একটা কাহিনী দ্বারা বুঝিতে পারা যাইবে। পুঁটীয়া রাজধানীতে রাজা রবীন্দ্রনারায়ণের বাড়ীতে দুইজন বৈষ্ণব অতিথি হইলেন। রাজা ভাটপাড়ার ভট্টাচার্য্য মহাশয়গণের শিষ্য, ঘোর শাক্ত। বৈষ্ণবগণ অতিথি হইলে পূজারী ব্রাহ্মণ দুই থালা ভরিয়া নানাবিধ মিষ্টান্ন আনিয়া দিল। বৈষ্ণবগণ জিজ্ঞাসা করিলেন, এ কাহার প্রসাদ? পূজারি বলিলেন, "কালীর প্রসাদ।"

অমনি বৈষ্ণবগণ বলিলেন যে, তাঁহারা বিষ্ণুর প্রসাদ ব্যতীত গ্রহণ করেন না।

এই কথা রাজার কর্ণে গেল। বৈষ্ণবগণের আর রাত্রে আহার হইল না। প্রাতে যখন তাঁহারা চলিয়া যাইতেছিলেন, তখন প্রহরীরা তাঁহাদিগকে আটক করিল। তারপর রাজা আসিলেন, "বৈরাগী বেটাদের" ডাকাইলেন, তর্জ্জন গর্জ্জন করিলেন। শেষে কয়েক দিবস বিচার হইল। তাহার ফলে রাজা বৈষ্ণবধর্ম্ম গ্রহণ করিলেন। সেই অবধি পুঁটীয়ার ঘর পরম বৈষ্ণব হইলেন।

পূর্ব্বে বলিয়াছি, বৈষ্ণবগণের অস্ত্র শস্ত্র ভাল ছিল। কাজেই শাক্তগণ যুদ্ধে হারিতে লাগিলেন। বৈষ্ণবধর্ম্ম স্বাভাবিক ধর্ম্ম, উহা মাধুর্য্যময়। বৈষ্ণবগণের অপূর্ব্ব ভজন-পদ্ধতি দেখিয়া লোক আকৃষ্ট হইলেন। তাঁহারা ব্রজরস আস্বাদন করিয়া মোহিত হইলেন। শাক্তগণের উহা কিছু ছিল না।

---

* শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী প্রকাশিত প্রতিলিপি, সাহিত্য-পরিষৎ-পত্রিকা। ফাল্গুন, ১৩০৬।

প্রেমভক্তি ছিল না, থাকিতেও পারে না। সেই ভজনে ছিল কি, না—সাধনা দ্বারা সিদ্ধি বা শক্তি আহরণ করা। সুতরাং উহার সহিত রসের কোন সংস্রব ছিল না। তান্ত্রিক মতানুসারে একটি দেববিগ্রহ স্থাপন করিয়া, তাঁহাকে মন্ত্র ও প্রক্রিয়া দ্বারা বাধ্য করিয়া সিদ্ধি আহরণ করাই এই শাক্তধর্ম্মের উদ্দেশ্য।

বৈষ্ণবেরা কুঞ্জভঙ্গের সময় গাইয়া থাকেন, "এমনি ভাবে থাকুক মোদের যুগলকিশোর ইত্যাদি"। শাক্তেরা দেখাদেখি নবমী-নিশিতে গাইতে লাগিলেন, "নিশি তুমি প্রভাত হইও না, তুমি পোহাইলে উমা না রহিবে ঘরে" ইত্যাদি।

আগমনী ও বিজয়াতে কিছু রস আছে বলিয়া লোকে মুগ্ধ হইয়া থাকেন। রামপ্রসাদের ভক্তি-অঙ্গের গীতগুলিও মধুর, কিন্তু এ সমুদয় বৈষ্ণবগণের সামগ্রী, বৈষ্ণব-ধর্ম্ম হইতেই এই সমুদয় গীতের বীজ লওয়া হইয়াছে—ইহা পূর্ব্বে ছিল না।

শ্রীগৌরাঙ্গ যে ভক্তির তরঙ্গ জগতে আনেন, তাহারই ছায়া লইয়া শাক্তগণ নিজ নিজ দেবতাগণের উপাসনায় সন্নিবেশ করেন। রঙ্গ দেখুন, রামপ্রসাদ শক্তিকে বলিতেছেন,—"মা তোর মায়া নাই" ইত্যাদি। এখন শ্রীভগবানকে তুই মুই করা, কি এরূপ নিজজন ভাবিয়া ভজন করা, শ্রীগোরাঙ্গই জীব-সাধককে শিক্ষা দেন। কালী কি দুর্গাকে "তুই মুই" করার নিয়ম পূর্ব্বে ছিল না। কালী বা দুর্গার সহিত আত্মীয়তা করিতে যাইয়া এইরূপ তুই মুই করিতে পূর্ব্বে কাহারও ইচ্ছা বা সাহস হইত না, প্রয়োজনও হইত না। শাক্তগণ কালী কি দুর্গাকে মন্ত্র ও প্রক্রিয়া দ্বারা বশীভূত করিয়া "আমাকে ইহা দাও, তাহা দাও," বলিতেন,— তাঁহাদের সহিত শাক্তগণের ভালবাসা কি ভক্তির বড় একটা সম্বন্ধ ছিল না।

